
Sarodiya 2019
AGOMONI
a slice of Bengal
in Tri-valley

sales@trinamix.com
www.trinamix.com

Trinamix

ORACLE Platinum Partner
Cloud Select
North America




Subho Durga Pujo

with best compliments from Trinamix

# Go-to Partner of Integrated & Digital Supply Chain Solutions

## *Fast Facts:*

- ***120+*** *Implementations*
- ***50+*** *Cloud Certification*
- ***250+*** *Expert Consultants*
- ***24*7*** *Support Team*
- ***30+*** *Cloud Customers*
- ***Top 2*** *Oracle SCM Cloud Provider*
- ***Oracle Partner of The Year*** *2018 (NA) for Plan to Produce*

# PARTNER ON YOUR JOURNEY TO CLOUD

*Headquartered in California (USA) with regional offices in multiple locations globally, Trinamix is one of the leading implementation specialists for Oracle Cloud Applications, Oracle Value Chain planning, and E-Business Suite.*

- Multi-Pillar capabilities covering **ERP**, **EPM**, **SCM**, **PLM**, **CX**, and **HCM**
- **Pre-built integration** with most ERPs including EBS, SAP, JDE, Peoplesoft
- Excellent tech experience including **OIC**, **SOA**, **PaaS**, **JCS**
- **PaaS based solution** on Oracle Cloud
- **Oracle Co-Development** Partner
- Industry 4.0 capabilities - **IOT/Edge/Blockchain**
- **Pioneer in use of RPA** in the cloud using AIConnect

## Key Cloud Customers

| | | |
|---|---|---|
| NITE IZE | JIMWAY | facebook |
| Honan insurancegroup | SiTime | InvenSense |
| wellcom | JUNIPER NETWORKS | CASINO |
| Wilbur Curtis Co., Inc. | PRECOA | COLMEF |
| DX Marketing | GRANDE WEST | glu |
| TaylorMade | AsahiKASEI | SIGMA |
| GRACE BIO-LABS | Marrone Bio Innovations | cisco Meraki |
| OCEANEERING | Global Shipping | PARADIGM OUTCOMES |

## Industries We Serve

High-Tech | Industries | Retail | Industrial Manufacturing | Finance | Distribution Company
Consumer Packaged Goods | Social | Healthcare

USA | CANADA | JAPAN | INDIA | AUSTRALIA

## From the president's desk

On behalf of Agomoni, I thank you for being part of this huge family. Your presence is the success of this organization. Being together and working for various causes is our responsibility as citizens of humanity. Agomoni being a 501(c)(3) organization, takes part in various charitable and philanthropic events. We have donated meals at the Fairfield Food Bank, provided dinner through a community kitchen in Contra Costa county. We have even partnered and provided meals for the people struck by earthquake in Phillipines. I am proud of the volunteers who has made this happen. Health is wealth and keeping this in mind, we arranged free Yoga sessions in San Ramon to mark the World Yoga Day.

To support our philanthropic endeavors, Agomoni put up a spectacular cultural event Nirtyamela 2019 as a fund raising event. A day full of Classical, Semi-Classical and Folk dance performances by 250+ performers taught and guided by the best teachers.

Now comes Durga Puja 2019 and I personally welcome you all to our Durga Puja 2019. 'Sarat' is here again and we can feel the rhythm of 'Dhak', the five most awaited days of the year – the five days of 'Sarodotsav'. Everyone gears up to welcome Parvati and her four children in our "Okal Bodhon". The heavenly mother comes home and showers her blessings during these 5 days. These are the few days where we get Ma Durga amongst ourselves. You hear the familiar sound of Dhak, Dhunuchi nachh, the mild fragrance of Shiuli, gives a familiar tug at every person's heart. Of all the festivities, Durga Puja tops the list for us. A time when we can see clusters of "Adda" in every corner of the Puja mandap.

Wherever we may be in the world, we celebrate these days with much celebrations and festivities. When we say "Ma" has arrived (Ma Ashechen), it comes from the core of our heart which has a sweet soothing influence on us. Every Durga Puja passes and leaves behind us some sweet reminices which helps to forget the daily problems and grievances and brings everyone more closer than before. We wish everyone a golden moment and pray to Goddess Durga for her blessings to us. Please come and enjoy the stunning plethora of performances, celebrate the spirit of Durga Puja in the true sense with excellent on stage performers.

I welcome all again, to join in our Puja celebration. We strive to make this event even better every year and this is only possible with your support and generosity. Please come forward with any new ideas, constructive criticism or just your enthusiasm.

*Suman Pain*
*Board President*
***Agomoni***

***Editors**: Manas Goswami, Sohini Chaudhuri*
***Cover Illustration**: Rituparna Chatterjee*

SAIGAN TECHNOLOGIE$, INC.

***Helping our clients build their future one project at a time***

**SAIGAN Technologies, Inc. (SAIGAN)** is a **leading Information Technology (IT) Services** firm offering **Staffing and IT Services** across the nation. SAIGAN employees has placed at **TOP Fortune 500 companies** as well government and federal agencies.

## **OUR** SERVICES

### STRATEGIC STAFFING

The right people at the right time. We follow a streamlined process to ensure that we provide you with the right person with the best fit in your team.

### MICROSOFT SERVICES

Whether your focus is on enterprise applications, mobility, cloud computing or big data, partnering with Saigan as your Microsoft partner is a sure-fire way to ensure success in your next IT project.

### TRAINING & DEVELOPMENT

We provide training in the following areas, Microsoft development tools, server migration/maintenance and support, upgrade of software and applications, etc.

### CUSTOM APPLICATIONS

Saigan will go the extra mile to provide you with customized solutions that align with your business goals.

### INTELLIGENT RFID & IOT SOLUTIONS

We help you set up RFID solutions that can also integrate with IoT.We took our experience in implementing and supporting RFID solutions to integrate with IoT.

**SAIGAN Technologies, Inc.** is **100% Women owned** and is a **certified Minority Business Enterprise** through the **National Minority Supplier Development Council, Inc.**

SAIGAN TECHNOLOGIES, INC.
2300 Main Street, Suite 900, Kansas City, MO 64108

For more information please visit/email us at
www.saigantech.com / info@saigantech.com

# Agomoni Charitable and Philanthropic Activities (CPA) 2018-2019

*Subhasis Banerjee*

At Agomoni, we strive to uplift our Indian culture and values in every possible way. We hope to carry forward our traditions of living in peace and harmony while enriching our community through our humble service. Only in its third year of existence, Agomoni has successfully undertaken several new and old endeavors to serve the community at large. Our members have shown immense support and enterprise to make every event fruitful and I would like to thank them all, in all sincerity.

Our CPA members volunteered to visit the fire-devastated areas in Butte County in Fall 2018 *serving meals personally with other volunteers to 5000 fire-fighters* who had assembled there and came from various parts of the US. They had also collected lightly worn clothing that was donated to local charities in this county to help those in need. We thank all our Agomoni members who took the initiative to donate these clothing and contribute in all possible ways.

Through 4 food drives over the year Agomoni has planned to donate food to our Local Food Banks in Contra Costa and Solano. We have been able to donate food for *over 500 meals* through the *first two drives* this year already and aim to serve atleast *1000 meals* by the end of this year, 2019.

At *Fairfield Food Bank warehouse*, 17 volunteers packed around *100 lbs. of vegetables* to be distributed to the low income and needy in the Contra Costa and Solano counties.

During our Autumn Festival in Fall 2018, we were able to serve snacks or Prasad to *500* visitors. Monetary donations from all visitors were donated to *Bharat Seva Ashram (BSA)* **of** *USA*. BSA has a large network of volunteers who respond promptly and effectively to natural disaster-ridden locations like those affected by famines, droughts, floods, earthquakes and other calamities. They focus on meeting immediate basic human needs by providing shelter, food, and health relief services. They also provide assistance to affected individuals and families to enable them to resume their normal daily activities.

Our CPA team was also able to raise enough money at the same Festival through the sale of Donated Art to *feed 200+* needy people through a *Community Kitchen in Contra Costa* during the *Holidays*. These kitchens are usually closed during the Holidays as employees are on leave. Usually many needy people must go without a meal as a result. We, Agomoni volunteers were able to step in, to take the place of the employees to cook and serve Holiday Dinner for all visitors. Some of our youngsters dressed in Holiday attire, sang Holiday songs and played their instruments to entertain during the dinner. It was a humbling experience no doubt, but above all we were grateful to all the volunteers who worked from morning to evening executing their parts eagerly and happily whether cutting vegetables or cooking or serving or cleaning at the end of the day. I humbly thank all who were able to donate their time and skill.

We held our first *free "Yoga Day"* in San Ramon to celebrate World Yoga Day. We are thankful to Ms. Himani Limaye, a certified Yoga Instructor and all our volunteers for donating their time for this event.

We joined hands with an organization named *"Kids against hunger"* to pack and provide *1500 nutritious meals* for earthquake struck people of Philippines. Agomoni volunteers played a small yet impactful role and also helped the organization reach its goal of *providing 13 million meals* for children and families who were victims of hurricanes in Texas, Florida, Puerto Rico, the earthquakes in Mexico and fires in California.

During the Summer we offered Folk Dance workshops to many children who were eager to delve into varied Indian folk dances as part of our Philanthropic endeavor to uplift Indian culture. We are thankful to our teachers *Ms. Pragya Dasgupta, Ms. Medha Chandra, Ms. Hemalika Gondhalekar and Miss. Isha Sarkar*, who donated their valuable time for free for all the rehearsals that followed the workshops to get the groups ready for a great performance at Agomoni's prestigious event Nrityamela in Fall of 2019.

*Nrityamela* is one of Agomoni's most prestigious, multi-faceted philanthropic event. It imbibes the vision to uplift Indian culture and carry forward the traditional forms of dance for the next generations and thereby serving our dance and music community. For the last *2 years* Nrityamela has provided an unique platform to more than *35* schools and *500 dancers* to showcase their art and help raise funds that have been used Agomoni's charitable and philanthropic efforts.

As we continue to serve our community, we urge our dear members to join us and volunteer at all the upcoming events. Apart from the Food Drives, Holiday Dinner for the underprivileged, we request members and non-members to donate generously during Agomoni Durga Puja 2019, towards our *Bone Marrow Donation drive*, *Voice Of World*, *Narika* and many other causes that we hope to take up in the near future.

## My Favorite Animals

***Miraya Mitra*** *(Age 4)*






# Personalized Service for your home protection needs

Estate planning and living trust with free lifetime amendments

All stage of life personal financial planning from:

- ✓ Million dollar baby's plan
- ✓ Mortgage protection and life insurance with LIVING benefits that we do not need to die to use
- ✓ Retirement lifetime guaranty income planning and retirement protection plan



Contact me to get a free consultation!

**Fortune Financial Security Group**
**3940 High Street Suite B,**
**Oakland, CA 94619**
***Phone:*** **(510) 336-2888**
***E-mail:*** **ffsg2888@gmail.com**
***Website:*** **FortuneFinancialSecurityGroup.com**

# তিস্তাপারের বৃত্তান্ত: গাজলডোবা ২০১৯

*সন্দীপন সরকার*

*|| "হে হৃদয়, একদিন ছিলে তুমি নদী" ||*



এখানে মেঘ গাভীর মত চরেছিল। এখন, বসন্তের শুরুতে, চরাচর জুড়ে শুধু জল আর জল । কোথাও কোথাও শর আর নলখাগড়ার জঙ্গল। কাছে গেলে আঁশটে গন্ধ পাওয়া যায়।

নদীর চরিত্র এখানে জটিল। পাহাড়ের উপরে বাবুদের বাঁধ নিয়ন্ত্রণ করে এখানে জলের আগমন, নির্গমন। বিরক্তি, তিক্ততা আর ঘেন্নায় তিস্তা এখানে তাই কুটিলা, জঙ্গম, পৃথুলা।

জল আর জমির দ্বন্দ্ব অহর্নিশি হেথায়। তাই জলের জটিলতা সংক্রমিত আজ জমির মধ্যে। তার মতিস্থির নেই। আজ যা জেগে আছে, কাল ডুব দেবে তিস্তার বুকে। তবু নৌকার তলায় বালি দেখা যায়। বৈঠার কাজ নেই, কেবল লগির ঠেলায় চলাচল।

নৌকা নেমেছে সাতসকালে। ঠাকুর মালো কাণ্ডারি। চেহারা একহারা। সন্দেহ হয়, সারাদিন লগি ঠেলতে পারবে কিনা। কিন্তু পাখি চেনে বিলক্ষণ।

সব খবর রাখে। কোন হাঁস এবার দলছুট হয়ে পথ ভুলে একা একা, কোন পাখি ছটফটে, কোন বেলায় আলো পড়বে সঠিক কোণে, কোন পাখির কালো মাথায় সবুজ ঝিলিক - সব নখদর্পনে।

তাই এই বিচরণ। তিস্তা বুড়ির শরীরের আনাচে কানাচে এপার ওপার । অপার আকাঙ্ক্ষা অতিথিদের দেখার।

রোদ শরের ডগা স্পর্শ করেছে মাত্র। রাঙামুড়ি (রেড ক্রেস্টেড পোচার্ড), আর টিকিহাঁসের (টাফটেড ডাক) অনায়াস অলস সন্তরণ। কাছে গেলেই সন্দিহান বলাকা আর সংকুল উড়ান। ডানা থেকে জলের বিন্দু ঝরে পড়ে।

"উই দ্যাখেন। স্মিউ। একখানাই আসছে। মেয়ে।" ঠাকুর জানালো। তা দেখা গেল। ছোট একখানি হাঁস। অন্যদের দলে ভাসছে।

পথ এখানে সরু হয়ে এসেছে। দুপাশে নলবন। কিন্তু আগামীতে তিস্তাবুড়ির বিস্তার।

চরে বসে চখাচখি - রাডি শেলডাক। ঝাঁকে নয়, জোড়ায় জোড়ায়। গেরুয়া শরীরে অহংকার, গম্ভীর ডাকে গর্ব।

পেরিয়ে যায় দিগন্ত বিস্তৃত জলরাশি। পড়ে আছে নিস্তরঙ্গ চাদরের মতো।

নৌকা ঢুকে পড়েছে আবার এক শরবনে। মাঝে মাঝেই দেখা রাঙামুড়ি, টিকিহাঁস আর পাতি তিলিহাঁসের (কমন টিল) দল। মাঝে মাঝে দুএকটা খুন্তেহাঁস (নর্দার্ন শোভেলার)। এরা লাজুক। নৌকা দেখলেই দে দৌড়।

কিন্তু ঠাকুরমাঝি যেন অন্যমনস্ক। হাতের তালুতে রোদের আড়াল করে দূরে নজর। কেন এই উচাটন?

হঠাৎ তার শীর্ণ মুখে হাসির আঁকিবুকি। "দ্যাখেন দেখি নজর করে। উই দূরের ওই দলে। আছে না একখান সবুজ পানা?"

আছে তো। নিশ্চয় আছে। ধূসর দেহ। পান্না সবুজ মাথায় প্রায় ধাতব ঝিলিক। ফালকেটেড ডাক।

"এটাও আসছে একখান মোটে। তবে মদ্দা।" একমুখ বিড়ির ধোঁয়া ঢাকতে পারে না পরিতৃপ্তির হাসি। এই শরের জঙ্গলে লগি ঠেলে একে খোঁজা তো খড়ের গাদায় সুঁচ। ওস্তাদ বটে গো তুমি মাঝিভাই।

নৌকা বেরিয়ে তিস্তা বুড়ির বুকে। যেখানে জল আর বালি মিলে মিশে একাকার, সেখানে এক ঝাঁক উত্তুরে টিট্টিভ (নর্দার্ন ল্যাপউইং)। গায়ে ব্রোঞ্জের ঝিলিক, মাথায় টিকি। অপরূপ।

একটু অন্যদিকে মুখ ঘোরে তরণীর। জোরালো ডাকে সচকিত হয়ে দেখা যায় চখাচখির যুগ্ম উড়ান। তাদের মেলে দেওয়া পাখায়, ভারতীয় ত্রিবর্ণ।

অসংখ্য চরের একটিতে অপেক্ষায়, একদল দাগি রাজহাঁস (বার হেডেড গুজ)। রাজকীয় গরিমায় উপেক্ষা। নৌকার উপস্থিতিতে অবিচল। আশপাশে ঘুরছে পাতি লালপা (কমন রেডশ্যাংক), আর পাতি সবুজপা (কমন গ্রিনশ্যাংক)। ভ্রুক্ষেপ নেই তাতেও।

কোথা থেকে ভেসে আসে ডিঙি। পাহাড় থেকে ভেসে আসা কাঠ বোঝাই করে তুলেছে। দেখে মনে হয় এই বুঝি ডুবলো। কিন্তু ডোবে না।

বেলা কিন্তু ডোবে। বামদিকে ওই দেখা যায় মুক্তধারার মতো বাঁধ। নদীর বুক ছাপিয়ে ‘কেমন যেন স্পর্ধার মতো দেখাচ্ছে’, যেন ‘দিনরাত্তির সমস্ত আকাশকে রাগিয়ে দিচ্ছে’।

বেলাশেষে হাঁসেদের হুটোপুটি থামে নি। কোথা থেকে একজোড়া কমন পোচার্ড রাঙামুড়িদের দলে ঢুকে পড়েছে। ভূতিহাঁসের দঙ্গল এপার সেপার। একটা জলা কাপাসি (মার্শ হ্যারিয়ার) শ্যেন দৃষ্টি মেলে উড়ে যায়।

নৌকা ঘাটে লাগে।

*// “এখানে প্রাণের স্রোত আসে যায়” //*

উজান গো, উজান আজ। বেয়ে চলা, বয়ে চলা তিস্তাবুড়ির উজানে। তাই বুঝি আজ প্রাণের স্রোত, ঢলে আসা শরীরে ভাটা পড়া যৌবনের উচ্ছলতা।

ঠাকুর মালোর খাটনি আজ বেশি। স্রোতের উল্টোদিকে যাওয়া যে! কিন্তু কেন এই পরিশ্রম?

বাঃ, মার্গেঞ্জারগুলো যে ওই উজানেই থাকে। স্রোত ছাড়া ওরা থাকতে পারে না। পাহাড়ি স্রোতে ডুব মেরেই তো ওরা মাছ ধরে আর খায়।

কিন্তু সে তো এখনো পৌনে ঘন্টার পথ। তার আগে? কেন? আছে তো। শিকারি পাখিরা। ওই যে এক পেরেগ্রিন ফ্যালকন। ধু ধু বালির চরে, একটা ভেসে আসা গাছের গুঁড়ির উপর। বসে থাকে কমন কেস্ট্রেল, জলের উপর জেগে থাকা ক্ষুদ্র দ্বীপে। তার বাদামি গায়ে কালো ছিট ছিট, চোখ পাকিয়ে থাকে নৌকার দিকে।

আর এক বালিয়াড়ির গায়ে নৌকা লাগে। দূরে অন্যপ্রান্তে ঢুকে গেছে এক সরু খাঁড়ি। শিকারি পাখির মতো তাকিয়ে নির্ভুল খুঁজে নেয় ঠাকুর মালোর চোখ। একটা মার্গেঞ্জার পরিবার।

কিন্তু ছবি উঠবে কি করে? “বালির উপর হাঁইটা যান।” সাধু প্রস্তাব মাঝি। কিন্তু উত্তরবঙ্গের নদী সম্বন্ধে সেই কবে শরদিন্দু যে চেতাবনি দিয়েছেন। তো সেই চোরাবালি আছে নাকি? “আছে একটু। বেশি না। কোমর তক ডুইববে। ডান দিক ঘেঁইষে যান।”

বলে কী! 'শুনিলে প্রাণ চমকে ওঠে' - লালন বলেছেন। আর এখন বলে আত্মারাম। কিন্তু ছবির লোভ! অগত্যা ইষ্ট স্মরণ এবং অগ্রসরণ। ওই ডান দিক ঘেঁষেই।

ছবি হলো। চরের উপর এবং নৌকা থেকে। সঠিক কোণে, আলো মেপে। পুরুষ পাখির মাথায় সবুজের ঝিলিক এনে, স্ত্রী পাখির অলস বিশ্রাম ধরে। সবই ঠাকুরের কৃপা।

ফেরা শুরু। টান জলের স্রোতে ভাটির দিকে। টান মনের স্রোতে বাটির দিকে।

হঠাৎ দিক বিদিক চমকে দেয় প্রলয়ঙ্করী শব্দ। ভূমি বিদীর্ণ করে উঠে আসে ধোঁয়ার মেঘ, স্তম্ভের মতো। উড়ে যায়, ছড়িয়ে পড়ে সংবিগ্ন পাখিকূল। ঘিস নদীর বুকে শুরু হয়েছে নিরাপত্তা বাহিনীর মহড়া। কী যেন এক অশনি সংকেত।

গাজলডোবা, ভালো থেকো। ভালো রেখো তোমার পাখিদের।





*কৃতজ্ঞতা স্বীকার: শিরোনামগুলি প্রিয় কবি জীবনানন্দের মহাপৃথিবী ( “হে হৃদয়, একদিন ছিলে তুমি নদী”), এবং রূপসী বাংলা (“এখানে প্রাণের স্রোত আসে যায়”) কাব্যগ্রন্থগুলি থেকে নেওয়া যথাক্রমে।*



*“I alone cannot change the world, but I can cast a stone across the waters to create many ripples.”*

*~ Mother Teresa*

OTSi

*"VALUE BRINGS US IN, QUALITY BRINGS US BACK!"*

OTSI is specialized in Managed Services, Consulting and Professional Services. Helping Clients businesses thrive by providing the best IT Services through cost effective models.

## OUR CAPABILITIES

DIGITAL TRANSFORMATION

CLOUD

BIG DATA & ANALYTICS

MICROSOFT

IOT & MOBILITY

QA & AUTOMATION

DEVOPS

ENTERPRISE DWH

## WHY OTSI

| 1800+ | 88+ | 45+ | 15+ |
|---|---|---|---|
| Consultants working for fortune 1000 clients | Global Clients | OTSI IPs / Solutions | Partnership eco-system |

OBJECT TECHNOLOGY SOLUTIONS, INC.
USA | COSTA RICA | CANADA | INDIA | UAE | CHINA

For more information please visit/email us at
www.otsi-usa.com / sales@otsi-usa.com

# মহামানবের সাগরতীরে

*পূর্বাশা মণ্ডল*

জটিল অস্ত্রোপচারটা সরলভাবে সমাপ্ত করে বিখ্যাত হার্ট সার্জেন ডাঃ তমোঘ্ন ভট্টাচার্য নিজের চেম্বারে চলে এলেন। বেসিনে জীবাণুনাশক সাবান দিয়ে হাত ধুতে ধুতে তাঁর চোখ চলে গেল সামনের স্লাইডিং উইন্ডোটার দিকে। ক্যালিফোর্নিয়া শহরের সুবিখ্যাত বহুতলবিশিষ্ট এই হাসপাতালের কাঁচে ঘেরা জানালাটার বাইরের প্রাকৃতিক দৃশ্যটি অতীব মনোরম। নীল আকাশের বুকে কাশফুলের মতো সাদা মেঘগুলোকে ভেসে যেতে দেখে তমোঘ্ন ভাবলেন, আমাদের বীরভূমের আকাশেও এই শরৎকালে নিশ্চই এমন সুন্দর মেঘ ভেসে বেড়াচ্ছে!

বীরভূম তমোঘ্নর জন্মভূমি। কাগজে কলমে এখনও তিনি ভারতবাসী। যদিও বাবা-মা মারা যাবার পর থেকে প্রায় বছর দশেক তিনি গ্রামের বাড়ীতে যান নি। আজ থেকে প্রায় পঁচিশ বছর আগে বীরভূমের এক অখ্যাত গ্রামের গরীব ঘরের ছেলে তমোঘ্ন সবাইকে অবাক করে মাধ্যমিকে প্রথম ও উচ্চ-মাধ্যমিকে ষষ্ঠ হয়ে আর. জি. কর. মেডিকেল কলেজ থেকে এম. বি. বি. এস. করে দু'চোখে অনেক স্বপ্ন নিয়ে এদেশে উচ্চ শিক্ষার জন্য এসেছিলেন। তারপর এখানেই লেখাপড়া শেষ করে নামী হাসপাতালে চাকরি নিয়েছেন। তাঁর স্ত্রী ন্যান্সী একজন বৈজ্ঞানিক। তাঁদের দুই ছেলে-মেয়ে - সাগর ও নবমিতা। নিজের সুন্দর অর্থপূর্ণ নামটি বিদেশীদের উচ্চারণে নানাভাবে বিকৃত হতে দেখে তিনি ছেলেমেয়ের নাম যথাসম্ভব সরল করে রেখেছেন। পুত্র সাগর উচ্চশিক্ষার জন্য লণ্ডনে গেছে। মেয়ে নবমিতা আপাতত হাইস্কুলের ছাত্রী। সুরের প্রতি অত্যন্ত আগ্রহ থাকায় সে এখন স্বেচ্ছায় পিয়ানো শিখছে। তমোঘ্ন বা ন্যান্সী কেউই ছেলেমেয়েদের ব্যক্তিগত সিদ্ধান্তে হস্তক্ষেপ করেন না। কিন্তু তমোঘ্নর মাঝে মাঝে মনেহয় ছেলেও ভবিষ্যতে লণ্ডনেই চাকরি নিয়ে স্থায়ীভাবে বসবাস করবে। বোধহয় বিদেশবাসটাই তাদের পরিবারের ভবিতব্য!

কাল রবিবার। তমোঘ্নর এলাকায় বাঙালীদের দ্বারা পরিচালিত 'একতা' ক্লাবে দুর্গাপুজো। পুজোর শেষে সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠান ও খিচুড়িভোগ। তমোঘ্ন সকালে হাসপাতালে আসার সময় দেখে এসেছেন ক্লাবের সামনে মণ্ডপ তৈরী হয়ে গেছে, প্রস্তুতি তুঙ্গে। তারপর থেকেই তাঁর মাথায় সেই সুরটা গুনগুন করে ঘুরছে।

এ এক অদ্ভুত ব্যাপার। প্রতি বছর দুর্গাপুজোর প্রস্তুতি পর্ব শুরু হলেই তমোঘ্নর মাথায় এই সুরটা বিনবিন করে ঘুরতে থাকে। একটাই লাইন, বাকীগুলো তাঁর স্মরণে আসে না। সুরটা যে তিনি কবে কোথায় শুনেছিলেন তাও তাঁর মনে পড়ে না। কিন্তু অদ্ভুতভাবে বছরের এই সময়টাতেই সুরটা তাঁর মনে পড়ে। ব্যক্তিত্ব সম্পন্ন পঞ্চাশোর্ধ ব্যস্ত ডাক্তারবাবু মন খুলে কারোর সঙ্গে বিষয়টা নিয়ে আলোচনাও করতে পারেন না। এ হয়েছে এক মহা জ্বালা!

এখন রবিবারের সন্ধ্যা। সন্ধ্যারতি শেষ হয়েছে। ঘরোয়া সাংস্কৃতিক অনুষ্ঠানে সবাই মগ্ন। তমোঘ্নর মনে আজ খুব আনন্দ। সকালেই আগাম কোন খবর না দিয়ে সাগর বাড়ীতে এসেছে। ছেলেকে হঠাৎ দেখে ন্যান্সীর চোখেমুখে যে উচ্ছ্বাস ফুটে উঠেছে তা দেখে তমোঘ্নর মনে নিজের মায়ের স্মৃতি জেগে উঠেছে। পুজোর সময় কোলকাতার হোস্টেল থেকে বাড়ীতে ফিরলে তাঁর মায়ের মুখে এমনই হাজার ওয়াটের আলো জ্বলে উঠত। সাগর অবশ্য মুখে বলছে আজ সন্ধ্যার অনুষ্ঠানে বোনের পিয়ানো শোনার জন্যই সে এসেছে, কিন্তু তমোঘ্নর কেমন যেন মনে হচ্ছে এতবছরের দেখা দুর্গাপুজোর টানেই ছেলে নিজের ভিটেতে চলে এসেছে।

তমোঘ্নর প্রতিবেশী সৌরেনের স্ত্রী সুরূপার পরিচালনায় ছোট বাচ্চারা খুব সুন্দরভাবে 'রবীন্দ্রসঙ্গীতে ঋতুরঙ্গ' মঞ্চস্থ করল। এরপর ধবধবে সাদা কুর্তি পরা নবমিতার পিয়ানোর সুর মুর্ছনায় ন্যান্সী, সাগরসহ উপস্থিত সবাই মুগ্ধ হল। তমোঘ্নও মেয়ের পাকা হাতের সুরে আবেগমথিত হলেন। হাজার কাজে ব্যস্ত থাকায় নবমিতা যে এতো ভালো পিয়ানো বাজাতে শিখেছে তা তিনি ইতিপূর্বে খেয়ালই করেন নি। করতালিতে মুখর ক্লাবঘরে নবমিতা এবার দ্বিতীয় সুরটির প্রথম লাইন বাজাতেই তমোঘ্ন চমকে ওঠেন। আরে, এই তো সেই সুর যেটা প্রতি পুজোর সময় তাঁর অন্তরে ধ্বনিত হতে থাকে। সুরটি শুনতে শুনতে চার পাঁচ বছর বয়সের প্রায় ভুলে যাওয়া স্মৃতিটা তমোঘ্নর মনে টাটকা হতে থাকে। কিন্তু এই বাংলা গানের সুরের খোঁজ নবমিতা বিদেশের মাটিতে কিভাবে পেল! তমোঘ্ন অবাক হয়ে ভাবতে থাকেন।

অনুষ্ঠান শেষে খিচুড়িভোগ খাওয়ার পালা। বৃদ্ধ-বৃদ্ধা ও ছোট ছেলেমেয়েরা প্রথম ব্যাচে খেতে বসেছে। ক্লাবের লনে ইতস্তত ছড়ানো চেয়ারে বসে এখন তাই অনেকে হালকা চালে আড্ডা দিচ্ছে। দাদা ও বন্ধুদের সঙ্গে নবমিতা বসে গল্প করছিল। সাদা পাজামা পাঞ্জাবী পরিহিত তমোঘ্ন তাদের অনুমতি নিয়ে সেখানে বসলেন। কথাপ্রসঙ্গে তিনি মেয়ের কাছ থেকে জানলেন তার পিয়ানোর দ্বিতীয় সুরটি ন্যান্সী লি-র 'of all the wives ...' গানের সুর। তমোঘ্ন একটু অবাক হয়ে বললেন – কিন্তু জানিস মিতা, ছেলেবেলায় শোনা রবি ঠাকুরের লেখা একটা গানের সঙ্গে এই সুরের খুব মিল পেলাম। নবমিতা উৎসাহের সঙ্গে বলল – ঠিক তো, এই সুরেই তো টেগোরের 'বাল্মিকী প্রতিভা'র ডাকাতদলের গান 'কালী কালী বলো রে আজ' তৈরী হয়েছে! মাই মিউজিক টিচার টোল্ড মি!

এই তথ্যটা ডাক্তারী শাস্ত্রে সুপণ্ডিত তমোঘ্নর জানা ছিল না। তাঁর মনে হল, সত্যি তো, সেই কোন্ যুগে স্বয়ং রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর গানে বিদেশী সুর প্রয়োগ করে দেশকালের ভেদাভেদ ঘুচিয়ে দিয়েছিলেন। আর এই যুগে বিদেশের মাটিতে আমার মিতাও নিষ্ঠাভরে সেই সংস্কৃতির চর্চা করে যাচ্ছে! মহামানবের সাগরতীরে বৈচিত্রের মধ্যে একতা বোধহয় এভাবেই গড়ে ওঠে!

আবেগভরে তিনি বললেন – জানিস মিতা, সুরটা শুনে আমার ছেলেবেলার পুজোর স্মৃতি মনে এলো। উপস্থিত ছেলেমেয়েদের অনেকেই কোনদিন বাঙালীদের দুর্গাপুজো দেখে নি। উৎসাহের সঙ্গে তারা বলে উঠল – আঙ্কেল, প্লিজ টেল আস ইন ডিটেল!

গল্পের সন্ধানে আরো কয়েকজন এসে জুটল। তমোঘ্ন একটু গুছিয়ে বসে বললেন – আমি একেবারে গ্রামের ছেলে রে। পাঁজি দেখে নয়, নির্মল মেঘমুক্ত ঘন নীল আকাশ দেখে বুঝতে পারতাম পুজো আসছে। বগলে বই নিয়ে স্কুল যাওয়ার পথে রাস্তার ধারের সাদা কাশফুলের সারি দেখে বুঝতাম পুজো আসছে। তখন আমাদের গ্রামের জমিদারবাবুর নাটমন্দিরে ওই একটিমাত্র দুর্গাপুজো হত। পুরো পাড়ার লোক তাতে অংশ নিত, শ্রদ্ধার সঙ্গে মাকে অঞ্জলি দিত। খাঁটি সোনার একরাশ গয়নায় মা ঝলমল করে উঠতেন। সপ্তমী, অষ্টমী, নবমীতে মায়ের সামনে বলি হতো। অষ্টমীতে ছাগ বলি হলেও বাকী দিনগুলোতে

কুমড়ো ও আখ বলি হতো, প্রতিদিন দু'বেলা মায়ের ভোগ বিতরণ হতো। ওই ক'দিন আমি নাটমন্দিরেই পড়ে থাকতাম। এখানকার মতোই সন্ধ্যারতির পর বসত সাংস্কৃতিক অনুষ্ঠানের আসর। জমিদারবাড়ীর মেয়ে টুটুদিদি গ্রামের ছোট ছেলেমেয়েদের নিয়ে নাচগানের অনুষ্ঠান করত, সবাই আনন্দ করে তা উপভোগ করত। জানিস, পড়াশোনার সূত্রে কোলকাতায় এসে আমি অনেক নামীদামী ক্লাবের সার্বজনীন দুর্গোৎসব দেখেছি। যেমন আলোর রোশনাই, তেমনই প্রতিমার চোখ ঝলসানো রূপ। কোথাও মায়ের অসুরদলনী তেজোময়ী রূপ, কোথাও বা শান্ত সমাহিত মাতৃরূপ! আহা কি তার জ্যোতি, কি অপরূপ সৌন্দর্য! মুগ্ধ হয়ে শুধু দেখতাম! এখনো চোখের সামনে ভেসে ওঠে কলেজ স্কোয়ার, মহম্মদ আলি পার্ক, সন্তোষ মিত্র স্কোয়ারের পুজোগুলো। তবে মা-তো মা-ই! গ্রামের নাটমন্দির বা শহরের সার্বজনীন সব জায়গায় মা ভক্তদের কাছ থেকে সমানভাবে ভক্তিশ্রদ্ধা পান।

উপস্থিত সকলে মন্ত্রমুগ্ধ হয়ে কথাগুলো শুনছিল। হঠাৎ নবমিতা বলল – ড্যাড, বাট ইউ অয়্যার টকিং অ্যাবাউট ইয়োর মেমোরিজ অন দ্যাট টিউন … ! তমোঘ্ন হেসে বললেন – ওই দেখ্, কথায় কথায় আসল কথাটাই ভুলে গেলাম। টুটুদি এক বছর গ্রামের বাচ্চাদের নিয়ে রবি ঠাকুরের 'বাল্মিকী প্রতিভা' নৃত্যনাট্য করিয়েছিল। দল ভারী করার জন্য ডাকাতদলের মধ্যে খালি গায়ে, মুখে কালি মাখিয়ে আমাকেও নামানো হয়েছিল। ভেবে দ্যাখ, তখন আমি চার-পাঁচ বছর বয়সের একটা লিকলিকে রোগা বাচ্চা!

উপস্থিত সকলে হেসে উঠল। তমোঘ্ন বললেন – সেদিন বিষয়টা না বুঝলেও গানের প্রথম কলিটা আমার মাথায় গেঁথে গেছিল। আজ মিতার জন্য পুরনো স্মৃতিটা আবার উজ্জ্বল হয়ে গেল। থ্যাঙ্কস্ মিতা!

নবমিতা হাসিমুখে বাবার দিকে তাকাল। সুরূপা এবার পাশ থেকে বলে উঠল – বাল্মিকী প্রতিভার প্রসঙ্গ যখন উঠল তখন নেক্সট্ ইয়ারে বাচ্চাদের দিয়ে ওটাই অভিনয় করাই, কি বলেন দাদা! আপনি চাইলে অবশ্য এবারে ডাকাত সর্দারের পার্টটা করতে পারেন! সবাই উচ্চস্বরে হেসে

উঠল। তমোঘ্ন হাসতে হাসতে বলল – এ বয়সে অতোখানি সইবে না সুরূপা। তবে তুমি কিন্তু সাচ্চা বাঙালী। এবছরই ঠিক করে ফেলেছ পরের বার কি অনুষ্ঠান করবে! উপস্থিত সকলে আবার সমস্বরে হেসে উঠল। ন্যান্সী তখন দূর থেকে বলছে – প্লিজ কাম হ্ আর ওয়েটিং ইন দ্য লন। সেকেন্ড ব্যাচ উইল স্টার্ট জাস্ট নাউ।

## Remember

*Mahika Hazra (Age 16)*

my soul remembers you
incandescent light brushing my shoulder
reflecting off the glittering Alaskan snow
from twilight on Phillip Island
to sundown on the sands of San Simeon
my voyaging soul remembers you

my soul remembers you
the way you guided me home each night
my toddler-like knees curled inward
against the car door
my head tilted up
watching you shepherd me home
on a highway of stars
my sleepy soul remembers you

my soul remembers you
a heart of silver beating against my gold
reminiscent of your opalescent light
pushing the frothy waves into
a playful tug-of-war
submerging my ankles
my seafaring soul remembers you

yes
I remember you
and when my stargazing lids finally close
and the galaxies in my eyes fade away
my soul will streak like a comet towards you
converging at the tip of your crescent
- an ode to the moon



*"We make a living by what we get, but we make a life by what we give."*

*~ Winston Churchill*

## Handmade Crochet Art

*Shrabana Ghosh*












# Konark Revisited

*Kaushik Rana*

Kolkata-Puri-Konark forms the Golden Triangle that is a must visit for most Bengali Tourists. We are no exception. In our recent summer visit to India this time, we decided to visit the Sun Temple at Konark to give a small glimpse to the kids of the glorious history and rich architecture of Orissa, a Hindu empire who under King Narsimhadeva won victory over the Muslim invader Tuglaq Khan around mid-13th century. He built the Sun Temple beside the sea since he was inspired by the beauty of the rising sun and the waves near the Puri sea!

On a rain soaked day, we took the diversion from Puri to visit the Konark Sun temple which is in the form of a chariot driven by 7 horses representing the 7 days in a week, 24 wheels representing 24 hours per day and 12 pairs of wheels representing 12 months in a year.

It is said that artisans put an iron piece between every 2 pieces of stone. There was also a lodestone at the top of main temple that weighed 52 ton that held the iron idol of the Sun God without any support ( as if floating). The magnetic effect of lodestone was so strong that it made navigation difficult and hence the Portuguese sailors destroyed the main temple taking away the lodestone with them.

Legend goes that no one was able to put Kalasha (temple crown stone) properly. When the 12 year old boy (Dharmapadai) of Chief Architect came to meet him, he found a flaw and rectified it. Knowing that the King will kill all artisans if he came to know, he jumped from the top of temple to nearby sea to save the lives of other artisans working in the temple for 12 years.

What amazed us most is the restoration efforts being undertaken on the temple and capturing its history. Indian Oil Corporation has invested in building a museum at Konark. Below images has the details that made this visit such a wonderful learning affair for us.




Fig. 1 shows when the first rays of the rising sun falls on the temple, it lights up this image called Pravatha Surya (Morning Sun). Hence the expression of youth and vitality.



Fig. 2 image is called Madhyanna Surya (Mid day Sun) standing with full vigor and personality.



Fig. 3 - Model of the Konark temple - Pancha Ratha. Jagmohan (gathering hall), Vimana (main temple), Nrithya Mandapa(dancing hall), Bhoga Mandapa (offering hall).The main temple (Vimana) was destroyed by Portuguese sailors.



Fig. 4 - The Konark wheel holds lot of significance. There are 8 wider spokes and 8 thinner spokes. The time between the wider spokes is 3 hrs and between thinner and wider is 1.5 hrs. It is said these are the "Wheels of life" or “Wheels of Karma” - cycle of creation, preservation and achievement of realization.



Fig. 5 - Jagmohana (gathering hall). The main temple Vimana was destroyed.



India’s history is written on the walls and pillars of temples. As we see at Konark, the temple chronicles not only the art, architecture and beliefs but also the stories of common man who put in their sweat and blood, the scientific advancement at that time to accurately measure time and what invaders/aliens did to these temples when they came to conquer India!

## Random Muses

***Rupsaa Goswami*** *(Age 11)*








## পূজা

*ডঃ উৎপল চট্টোপাধ্যায়*

পূজা মানে কাশের বনে
মৃদু হাওয়ার দোলা।
পূজা মানে নীল আকাশে
সাদা মেঘের ভেলা।

পূজা মানে চাওয়া পাওয়া
মায়ের মুখের হাসি।
পূজা মানে বাবার মাথায়
অধিক চিন্তা রাশি।

পূজা মানে নুতন পোষাক
জামা-জুতা স্যান্ডেল।
পূজা মানে জমাট আসর
ভরা পাড়ার প্যান্ডেল।

পূজা মানে পেটের পূজা
শুধুই উদর পূর্তি।
পূজা মানে মিলন মেলা
আনন্দ আর  ফুর্তি।

পূজা মানে ফুলকো লুচি
সাথে বেগুন ভাজা।
পূজা মানে পাতে ইলিশ
মৎস্য কুলের রাজা।

পূজা মানে গুড়ের নাড়ু
শালি ধানের খই।
পূজা মানে মন্ডা-মিঠাই
চিনি পাতা দই।

পূজা মানে কাজে ছুটি
ঘুমের সংগে আড়ি।
পূজা মানে ভ্রমণ সাথী
নূতন দেশে পাড়ি।

পূজা মানে ব্যথার পরশ
ফেলে আসা স্মৃতি।
পূজা মানে খানিক বিরাম
সকল নিয়ম রীতি।

পূজা মানে ভালোবাসা
অনুরাগের ছোঁয়া।
পূজা মানে আপনজনে
নূতন করে পাওয়া।

## স্বপ্ন-ফেরি ও স্রষ্টা

*অভিজিৎ ভট্টাচার্য*

পাড়ায় এসেছে
ঝোলা নিয়ে ফেরিওলা
পাহাড় পেরিয়ে ঝরণা পেরিয়ে
পেরিয়েছে নদীনালা।

গ্রাম শহর আর মফঃসলে
ফেরি করে যায় ছবি
রূপকথা সুখকথার ই।

পাহাড়ের ছবি সূর্যোদয়ের
চাঁদের আলোয় সাগর সুনীল
ঢেউ-ভাঙ্গা নদী
যেন ডানামেলা পরী।

খদ্দের যত
মধ্যবিত্ত গেরস্ত
চাই গাড়ি চাই বাড়ি
চাই উঠতি শেয়ার ই।

ফেরিওলা হাঁকে
এক নদী প্রেম ... এক গিরি হাসি..
আকাশ স্বপ্ন
সাগর সুখ এর ব্যাপারী

চলেনা খুচরো বরাত
নয় সে তো
ছোট বজরার সওয়ারি।


স্বপ্নের দাম
চার আনা আট আনা
একটি স্বপ্ন
নয় কোটি দিয়ে কেনা
শহুরে রঙ্গীন গ্রাম্য সবুজ
সব ছবি আছে
যার যা বায়না।

শহর তুমি কিশোর দামাল
মুসাফির হু ইয়ারো
গাঁয়ের আকাশ অমল বাতাস
না ঘর হ্যায় না ঠিকানা
অষ্ট প্রহর চলে রাতভোর
স্বপ্নের বেচাকেনা।

স্বপ্নের ছবি
আঁকা যার হবি
ফেরিওলা ......
তুলি ক্যানভাসে
লেখে রচনা।



**The Woman**
Ritwija Banerjee



**Rabi Thakur**
Ritwija Banerjee

# অঙ্ক

*শুচিশুভ্র সিনহা*

অঙ্ক আর আতঙ্ক যেন যমজ ভাই, যেন একজন আরেকটাকে ছাড়া চলতেই পারে না। এই দুঃসম্পর্কের দুই ভাই আমাদের ছাত্রজীবনের হরেক আনন্দের কাঁটা হয়ে শৈশব ও কৈশোরকে আতঙ্কে রাখতো। আমার জন্মস্থল মালদা শহর।শহরের ঠিক মধ্যস্থলে চিত্তরঞ্জন মার্কেট। সেখানে দেশবন্ধুর মূর্তি ঘিরে চার পাঁচ খানা রাস্তা বিভিন্ন দিকে চলে গেছে। উত্তরমুখী রাস্তার দুপাশে দুই বৃদ্ধ চট পেতে লক্ষীর পাঁচালি, শনির পাঁচালি, কৃষ্ণর অষ্টোত্তর শতনাম, পঞ্জিকা ইত্যাদি পাঁচমিশেলী বই বিক্রি করতো। এই সব বই এর মাঝে নিষ্পাপ মুখ করে থাকতো গোলাপি মলাটের পাতলা অবয়বে ধারাপাত ও সাদা চেহারার বর্ণপরিচয়। শহরের শিশুদের যেই তিন চার বছর বয়স, তাদের শৈশবের পঞ্চপ্রাপ্তি ঘটাতে বাবা মা এই দুই খানা বই কিনতেন। নাহ, আমার বেলাতেও এর কোনো ব্যতিক্রম হয় নি। এই দুই মহান বইখানা দিয়ে আমার শিক্ষাজীবন শুরু। বলা যেতেই পারে গুরু সেই দুটি বই দিয়ে শুরু। ধারাপাতে বড়বড় কালো হরফে লেখা থাকতো এক থেকে একশো, সংখ্যা আর শব্দে। সকালে এক ঘন্টা আর সন্ধেয় এক ঘন্টা পড়াশোনা ছিল আবশ্যিক। সপ্তাহ শেষে হতো কুইজ। কুড়ির পরে কি সংখ্যা অথবা পঁচিশ এর আগে কি সংখ্যা, তা না পারলে আমার ভবিষ্যত নিয়ে মা বেশ চিন্তিত হয়ে পড়তেন।

যাইহোক সেই বই শেষ হতে এলো যোগ বিয়োগ। খুব একটা মন্দ ছিল না তারা। আর বিয়োগের পেছন পেছন এলো গুন্ আর তিনি এলেন নামতা কে সঙ্গে নিয়ে। ১২ ঘরে নামতা অব্দি খুব একটা ঝামেলা ছিল না। কিন্তু ১৩ ঘরের নামতা শুরু হতেই অংকের ভয় মনে চারা দিতে শুরু করলো। ১৩, ১৭ আর তার সাথে ১৯ এর নামতা আজও আমার মনে আতঙ্ক তাড়া করে বেড়ায়। আজও নীলিমা দিদিমণির ক্লাসে কানধরে বেঞ্চে দাঁড়ানোর মধুর স্মৃতি মনে পরে। কোনোমতে যদিবা গুন্ রপ্ত করলাম, এলো গুন্ র গুণধর ভাই ভাগ। ভাজ্য, ভাজক, ভাগফল নিয়ে পুরো ভাজাভাজি কান্ড। এইসব কাণ্ডের মাঝে তখন আমি চতুর্থ শ্রেণীতে। ক্লাস ফোরে যে এতবড় ফাঁড়া অপেক্ষা করছে তা কে জানতো। হাফ ইয়ারলি অব্দি নির্বিষ কাটলেও, অংকের বই এ স্বমহিমায় প্রবেশ করলেন সিঁড়ি ভাঙার অঙ্ক। আহা তার কি রাজসিক চেহারা। একতলা, দোতলা , তিনচার তলা নিয়ে গিয়ে তিনি ছাত্রদের দিকে কটমট করে তাকিয়ে। আর আমাদের তলায় তলায় ঠোক্কর মারা শুরু। একেতো ভংগ্নাংশ নিয়ে হিমশিম তার উপরে প্রতি তলাতেই নানান জটিলতা। ফোর পাস করলেই সিনিয়র সেকশন মানে "মর্নিং" থেকে "ডে" তে যাওয়ার যে হাতছানি তা এই সিঁড়িভাঙ্গার দৌলতে ভেস্তে যাওয়ার জোগাড়।

বড় সেকশন এ ওঠার পর নিজেকে তখন বেশ নিজেকে বড় ভাবতে শিখেছি। টিফিন টাইম ছিল ফুটবল খেলার সময়। কিন্তু সেই ভালো সময় খুব একটা বেশি সময় টিকলো না। টিফিনের পরেই ছিল অঙ্কের পিরিয়ড। ততদিনে আমাদের অঙ্কজীবনে প্রবেশ করেছেন কেশববাবু। এই ভদ্রলোক একাই শত শত ছাত্র ছাত্রীকে টেরোরাইজ করে রাখতে সক্ষম ছিলেন। রাজ্য সরকারের একখানা সাদামাটা গণিত এর বই পাঠ্যবই হিসেবে থাকতো, কিন্তু শিক্ষকদের তা কেন বিশেষ ভালো লাগতো না, তা আজও বুঝে উঠতে পারিনি। এক সরল জিনিসকে জটিল করে ছাত্রদের জীবনকে ভয়ঙ্কর করে তুলে, ওনারা কি আনন্দ পেতেন তা কে জানে। কঠিন সব পাটিগণিত পাতার পর পাতা জুড়ে কিশোরমনকে জালবদ্ধ করে তুলতো। পাঁচখানা রুটি তিনজনে ভাগ করে খাবে, তার মধ্যে আর কি ঝামেলা থাকার কথা। নিজেদের মধ্যে একটু আন্ডারস্ট্যান্ডিং থাকলেই ব্যাপারটা খুব সহজেই মিটে যায় কিন্তু কেশববাবুর তা কি আর সহ্য হয়। ওনার প্যাঁচ দেওয়া এখন থেকে শুরু। প্রথমজন দ্বিতীয়জন অপেক্ষা দুগুন এবং দ্বিতীয়জন তৃতীয় অপেক্ষা তিনগুন অথচ প্রথমজন অপেক্ষা পাঁচগুণ কম ইত্যদি হতে হতে আমাদের মাথা গুলো বনবন করে ঘুরতে থাকতো। যতই কষি উত্তরবাবাজির দেখা পাওয়া বড় ভার। আর মাস্টরমশাই মিটিমিটি হাসছেন আমাদের দুর্গতি দেখে। ঠিক এই সময় আমার দাদা নিজেকে ম্যাথ এথিস্ট বলে ঘোষণা করলো। জিগ্যেস করাতে সে বললো দুটো নম্বর যোগ করলে যে একটা নতুন নম্বর তৈরি হয়, এ এক বিশ্বাসের ব্যাপার। আর তার এতে কোনই বিশ্বাস নেই।

যাইহোক, রুটির খপ্পর থেকে কোনোমতে বাঁচা গেলে, পড়লাম সোজা বাঁদর আর তৈলাক্ত বাঁশের খপ্পরে। দশ এগারো বছরে সব আনন্দ সেই তৈলাক্ত বাঁশের মতো উর্ধমুখী অথবা নিম্নমুখী হতো অনবরত। সেই সময়ের গণিত শিক্ষকদের এখনকার মতো মায়া মমতা ছিল না। অত কষ্ট করে মাথা খাটিয়ে অঙ্ক করার পর উত্তর ভুল হলেই জুটতো শূন্য। নো মার্সি, কোনই ক্ষমা নেই। স্যার কাল পেট খারাপ ছিল, প্রাকটিস করতে পারিনি এই আকুল আবেদন অংকের খাতায় করা সত্ত্বেও সুমিত এর মতো ডাকাবুকো ছেলে গোল্লা পেলো। অন্যান্য বিষয়ের চেয়ে অংকের অনেক বেশি বা কম নম্বর পাওয়ার সম্ভাবনা থাকায় রেজাল্ট তাও বেশি অঙ্কের উপর নির্ভর ছিল। ফলে বাড়িতে, বন্ধু মহলে তথাকথিত মানসম্মান সবকিছুর জিম্মা ওই অঙ্কের উপরে থাকতো। ফাইভ, সিক্স এই পিচ্ছিল পথ পেরিয়ে অবশেষে পৌছলাম ক্লাস সেভেন। এতদিন ছিলাম সংখ্যায় এবার এলো অক্ষর মালা a . b . c . x , y . z , সবাই মিলে আমার অংকের বই এর অর্ধেক দখল করল। একবার ক্লাসে ক্লান্ত আধা ঘুমে আচ্ছন্ন সুমিতকে "x" এর ভ্যালু কত জিজ্ঞেস করাতে, তার "x" গার্লফ্রেইন্ড কখানা ছিল উত্তর দেয়। এক অজানা কারনে স্যার কাঠের স্কেলের ডেন্সিটি টেস্ট নিষ্পাপ সুমিতের পিঠের উপর করেছিলো। এসব সামলাতে সামলাতে কেশব বাবুর দাপট শুরু হলো অন্য ভাবে। বিভিন্ন সময়ে আমার দাদার অঙ্কের বই তোষকের তলে, চালের ড্রামের ভেতরে, এমনকি ঠাকুরের সিঙ্গাসনের পেছনে পাওয়া যেত। আমার মা না ফেলুদা কে বড় তা নিয়ে আমরা ভাইবোন দুই দলে ভাগ হয়ে যায়।

সেই সময় সবার বাড়িতে চৌবাচ্চা থাকত। সমস্ত চৌবাচ্চা তে থাকতো এক খানা কল আর এক খানা ফুটো। কিন্তু কেশব বাবুর সব চৌবাচ্চা ছিলো ডিফেক্টিভ। তার চৌবাচ্চা তে কত কল ছিল আর কত ফুটো ছিল তা আর কি বলবো। তার উপর তার দুটি কল খোলা থাকে তো এক ফুটো দিয়ে জল বেরিয়ে যায়। দুটো কল এর গতিও বিভিন্ন। আমি এখনো খুঁজে যাচ্ছি কোন মিউনিসিপ্যালিটি দুরকম স্পীডে বাড়িতে জল সাপ্লাই করতো। এই চৌবাচ্চার অঙ্ক করতে গিয়ে ওই জলে নাকানিচোবানি খাই নি, এরকম ছাত্র বাংলার ইতিহাসে পাওয়া যাবে না। চৌবাচ্চা থেকে কোনোমতে মাথা তুলে দাঁড়ালে, তোমার কপালে জুটবে ভেজাল চা পাতা , চাল, আটা অথবা চিনি। ভেজালের হিসাব মিলাতে মিলাতে আমরা যখন ক্লান্ত, কেশববাবু আমাদের ফেলবেন দ্রবণের মিশ্রনে। এক গ্লাস শরবত বানাতে যে এতো হ্যাপা তা কে জানতো। মাকে তো বেশ সহজেই "রাসনা " শরবত বানাতে দেখতাম। চৌবাচ্চার জল, ভেজাল মিশ্রণ আর হরেক কিসিমের শরবত বানানোর শেখা প্রায় শেষ, উঠে পড়েছি ক্লাস নাইন এ।

স্কুলে প্রথমবার ফুল প্যান্ট পড়ার সেই খুশি বেশিদিন স্থায়ী হলোনা জ্যামিতি, পরিমিতির

ভয়াল চেহারা দেখে। ক্লাস নাইন মানে সেই খেলাধুলা, গানবাজনা , গল্পের বই আর বন্ধুবান্ধব নিয়ে এক ঝলমলে জীবন। নচিকেতার নীলাঞ্জনা তখন আমাদের বাড়ির সামনের জানলায়। কিন্তু সেই আলোর কোনায় ঘাপটি মেরে বসে থাকে পীথাগোরাস, শঙ্কু আর পাই বাবাজিরা। দুই বৃত্তের তির্যক সাধারণ স্পর্শক আঁকতে আঁকতে টিউশনে কোনো সুন্দরীর তির্যক দৃষ্টির দিকে উত্তর দেওয়ার উপায় থাকতো না। মন যখন খেলার মাঠে ছুটতে চাইত তখন সমকোন উচ্চতা মেপে আর অঙ্ক স্যারের আঁকাবাঁকা কথা শুনে দিন কাটত। প্রফেসর শঙ্কুর সমস্যা লম্বা বৃত্তকার শঙ্কুর সমস্যার কাছে কিছুই ছিলোনা। এই বিপদসঙ্কুল পথ বেয়ে ক্লাস টেন এর গন্ডি পেরিয়ে যখন ভাবছি বাঁচা গেল তখন জানিনা সবে পুকুর পেরিয়ে এলাম, সাগর তো সামনে। সে গল্প পরে হবে। সেই সময় আমার দাদা দ্বিঘাত সমীকরণকে সংঘাত সমীকরণ ঘোষণা করে তার লাইফ থেকে অঙ্ককে ত্যাগ করেছে। তবে কষ্ট করলে যে কেষ্ট পাওয়া যাই তা বউ এর সঙ্গে শপিং করতে গিয়ে ৭৫ ডলার এ ৪০% অফ কত হয় চটপট বলে দেওয়া প্রমান করে।

জীবনে আজও অঙ্কবাবাজি পেছন ছাড়েনি। এই বয়েসে এসে দেখি জীবনের অঙ্ক বড় কঠিন। সে এক ধাঁধার মত, কখনো ধরা দেয়, কখনো মরীচিকার মত হারিয়ে যায়। তবে যখন পেছন ফিরে তাকাই, মন আনন্দে ভরে যায় আর শ্রদ্ধায় মাথা নিচু হয় সেই সব মহান গণিত আর গণিতবিদদের প্রতি। আজ যখন অফিসে লাভ লোকসান করতে বসি, মার শেখানো নামতা আর সেই ধুতি পড়া অঙ্ক স্যারের পড়ানো পার্সেন্টেজে খুব কাজে আসে। হয়তো আতঙ্কটা একটু থেকে গেছে আজও, তবে বলতে দ্বিধা নেই, জীবনের প্রথম প্রেম দাস মুখার্জীর "ইন্টেগ্রাল ক্যালকুলাস"।




# বিনাযুদ্ধে

*দেবজিৎ চক্রবর্তী*

শীর্ষর বাবা মা খুব সাধ করে ছেলের নাম রেখেছিলেন। তাদের আশা ছিল ছেলে সব বিষয়েই শীর্ষস্থান অধিকার করবে। কিন্তু এ যাবৎ মানে ক্লাস এইট পর্যন্ত যে সব কারণে শীর্ষ আলোচনার শীর্ষে এসেছে যেমন – অতিরিক্ত বানান ভুল, কবিতা বলতে গিয়ে মাঝের লাইন স্কিপ করা, কম্পিউটারের অ্যাসাইনমেন্ট কোনদিন টাইমে শেষ না করা, লাইব্রেরীর বই-এর পাতা ছিড়ে ফেলা, ক্রিকেট মাঠে বল করতে গিয়ে পা স্লিপ করে উইকেটের পাশে পড়ে যাওয়া ......আরও কত কি – এগুলো মোটেও বাবা মার স্বপ্নপূরণের ধারেকাছেও নেই। স্কুলের টিচার, গানের টিচার, খেলার কোচ সবারই এক কথা – কোনো এক বিষয়ে শীর্ষ কোনোদিন মনঃসংযোগ করে না। বড় ছটফট করে ওর মন। একবার এটা ভাবছে তো পরক্ষণেই মন অন্য দিকে।

এ হেন স্বভাবের শীর্ষকে হঠাৎ একদিন সারাদিন বইমুখো হয়ে বসে থাকতে দেখে ওর বাবার একটু চিন্তা হল। উনি শীর্ষর মাকে ব্যাপারটা বলতে দুজনে শীর্ষর ঘরে গিয়ে ওকে জিজ্ঞেস করলেন ব্যাপারটা। শীর্ষর ঘরে আজ বিভিন্ন পড়ার ও গল্পের বই ছড়ানো – ও টিভিও দেখছে না, মিউজিকও শুনছে না, কি ব্যাপার? শীর্ষর কাছ থেকে যা জানা গেল তা হল এইরকম – গত সপ্তাহে ওদের স্কুলে রামানুজ নামে একজন নতুন স্যার এসেছেন। উনি স্কুলের স্থায়ী শিক্ষক নন, তবে বিভিন্ন স্কুলে কিছু সময়ের জন্য যান এবং বিভিন্ন ওয়ার্কশপ করিয়ে ছেলেমেয়েদের সৃজনশীলতা, মননশীলতা ইত্যাদি বাড়ানোর ব্যবস্থা করেন।তো এই রামানুজ স্যার ওদের একটা অভিনব প্রতিযোগিতা দিয়েছেন। ছাত্রছাত্রীদের বলা হয়েছে যে তারা তাদের ইচ্ছেমতো রামায়ণের কোন একটা অংশকে নতুনভাবে লিখতে পারবে। লেখা জমা দিতে হবে পনেরো দিনের মধ্যে। আরও পনেরো দিন পরে স্কুল ফাংশানে সেরা তিনটি লেখাকে পুরস্কৃত করা হবে এবং সকলের সামনে রামানুজ স্যার সেই পরিবর্তিত অংশগুলো পড়ে শোনাবেন। এর আগে মা বাবাদের লেখাটা দেখানো যাবে না। নিজেকেই লিখতে হবে। তাই শীর্ষ পড়ে গেছে খুব চিন্তায়। ব্যাপারটার নতুনত্ব শীর্ষকে ভাবাচ্ছে।

যথাসময়ে সবাই লেখা জমা দিল। আজ স্কুল ফাংশানের শেষে পুরস্কার ঘোষণার সময় সবার অভিভাবকরা বসে আছেন হলে, মনের মধ্যে চাপা উত্তেজনা। রামানুজ স্যার প্রথমে ঘোষণা করলেন যে তৃতীয় হয়েছে সৌমিকের লেখাটা। ও এখানে সীতারামের জমির দখল নিয়ে রাম এবং রাবণ দুই শিল্পপতির বুদ্ধির লড়াই-এর গল্প লিখেছে। এরপর দ্বিতীয় স্থানাধিকারী হিসেবে ঘোষিত হল রুচিকার নাম। রুচিকার লেখায় রামকে দিতে হয় অগ্নিপরীক্ষা। দুটি লেখাকেই সবাই খুব হাততালি দিয়ে সংবর্ধনা দিল। এবার রামানুজ স্যার প্রথম স্থান ঘোষণার আগে বললেন – যে এই দুটি লেখাই প্রথম স্থান পাওয়ার মতো ছিল, কিন্তু বিরকদের মনে হয়েছে যে এই লেখার বিষয়দুটিতে অভিভাবকদের প্রচ্ছন্ন অবদান রয়েছে এবং কোথাও ছাত্রের নিজস্ব ভাবনা অভিভাবকদের ভাবনার দ্বারা প্রভাবিত হয়েছে। তাই যে লেখাটা প্রথম হয়েছে সেটা আরও বেশী নিজস্ব ও অভিনব। দর্শকাসনে সবাই খুব টেনশনে, কি এমন লেখা হতে পারে যা এই দুটো বিষয়কেও ছাপিয়ে গেল আর কেই বা লিখল এমন লেখা। অবশেষে রামানুজ স্যার ঘোষণা করলেন প্রথম স্থানাধিকারীর নাম। সমস্ত দর্শকদের মতো শীর্ষও চমকে উঠল নিজের নাম শুনে। সবাই যেন বিশ্বাসই করতে পারছে না যে শীর্ষ ফার্স্ট হয়েছে। এমন কি লেখা ও লিখল তা শোনার জন্য সবাই অধীর হয়ে উঠল। রামানুজ স্যার এবার শীর্ষর লেখাটার বিশেষ অংশ পড়ে শোনাতে শুরু করলেন। শীর্ষ যা লিখেছে তা হল খানিকটা এইরকম – সীতা উদ্ধারের জন্য সেতু পার করে রাম লক্ষ্মণ, বানর সেনা সহ লঙ্কায় পৌঁছাল এবং রাবণকে যুদ্ধের আহ্বান জানাল রাম। জবাবে রাবণ বলল – রাজা রাজরারা যুদ্ধ করতে শিখেছে ছোটবেলা থেকেই তাই যুদ্ধ করা আর কি এমন ব্যাপার, এত সহজ প্রতিযোগিতা চলবে না। কোনো কঠিন কিছু চাই।

শেষটায় ঠিক হল রাবণের বাহিনী আর রামের বাহিনীর মধ্যে পঞ্চাশ ওভারের ক্রিকেট খেলা হবে। যে দল জিতবে সীতা তাদের। টসে জিতে রাবণ আগে পাঠাল

রামের বাহিনীকে। সুগ্রীব আর লক্ষ্মণ ব্যাটিং শুরু করল। রাবণের আউটসুইং-এ সুগ্রীব আউট আর মেঘনাদের বাউন্সারে আহত হয়ে লক্ষ্মণ প্যাভিলিয়নে। এদিকে খেলা চালাতে থাকল রাম আর অঙ্গদ। লক্ষ্মণের জন্য ওষুধ আনতে গেল হনুমান। ডিসপেন্সারি পৌঁছে দেখল ওষুধের লিস্ট লেখা কাগজটা খুঁজে পাচ্ছে না। তাই দোকানের সব ওষুধ ট্রাঙ্কে ভরে নিয়ে চলে এল। অঙ্গদ, নল, নীল আউট হবার পর লক্ষ্মণ আবার নামল সুস্থ হয়ে ব্যাট করতে। মেঘনাদের ইয়র্কার আর রিভার্স সুইং এর প্যাঁচে রান আটকে যেতে লাগল রাম-লক্ষ্মণের। আসলে মেঘনাদের বলের অ্যাকশনটা এমন যে বলের কি গ্রিপ তা হাতের আড়ালে চলে যায়। তাই কোন বলটা কি কেউ বুঝতেই পারে না। মহিরাবণের আন্ডার আর্ম বোলিং যেন মায়াবী স্পেল। বল অফ সাইডে পড়ে স্পিন করে লক্ষ্মণের লেগ স্ট্যাম্প উড়িয়ে দিল। লেগ স্ট্যাম্পের বাইরে পড়ে স্পিন করে রামের অফ স্ট্যাম্প নড়িয়ে দিল। হনুমান ব্যাট করতে এসে ঠিক করল যে মহিরাবণের বল মাটিতে পড়ার আগে মারতে হবে। সেইমতো লেজ দিয়ে ব্যাট ধরে বল মাটিতে পড়ার আগেই বলের লাইনে পৌঁছে বল মেরে দিল মাঠের বাইরে। শেষমেষ পঞ্চাশ ওভারে রান হল 270। রাম করল 70 আর লক্ষ্মণ খেটেখুটে 52, হনুমান 11 বলে 36 নট আউট।

খাওয়া দাওয়ার পর রাবণের বাহিনী ব্যাট করতে এলো। রামের ইনসুইং এ তাড়াতাড়ি আউট হলো মকরাক্ষ, তরণীসেন, প্রহস্তরা। হনুমান ত্রিশিরাকে আর সুগ্রীব কুম্ভ, নিকুম্ভকে আউট করল স্লো বাউন্সারের ক্যাচে। কুম্ভকর্ণ নেমেই পরপর ছয় মারতে লাগল জাম্বুবান, সুগ্রীব আর লক্ষ্মণকে। 15 বলে 40 করে ফেলল দ্রুত। শেষে রাম দুর্দান্ত ইয়র্কারে বোল্ড করল কুম্ভকর্ণকে। উল্টোদিকে মেঘনাদ তখন দারুণ খেলছে। উইকেটকিপার বিভীষণ রামকে বলল যেভাবেই হোক ওকে এখনই আউট করতে হবে। ও এখন 96, সেঞ্চুরী হয়ে গেলে ও ম্যাচ জিতিয়ে দেবেই, ওকে আর থামানো যাবে না। রাম সব ফিল্ডারদের অফ সাইডে করে দিলো। বিভীষণ দাঁড়ালো অফ স্টাম্পের বাইরে, উইকেটের পেছনে। মেঘনাদ ভাবল বল আসবে অফস্ট্যাম্পের অনেক বাইরে, সরে গেলো সেদিকে। কিন্তু লক্ষ্মণ দিলো লেগ স্ট্যাম্পের বাইরে ওয়াইড। মেঘনাদ সেখানে পৌঁছতে গিয়ে স্ট্যাম্পের বাইরে ব্যালান্স হারালো, বিভীষণ ততক্ষণে লেগস্ট্যাম্প-এ সরে গিয়ে বল ধরে স্ট্যাম্প করে দিয়েছে প্ল্যানমতো। মহিরাবণ হনুমানের স্লো বাউন্সারে মাথা নামালো বটে, কিন্তু বাউন্সারটা খুব উঁচু ছিলো না, মিডল স্ট্যাম্পের বেল নড়িয়ে দিল। রাবণ আর মহিরাবণ লাস্ট উইকেট। রাবণ দারুণ খেলছে। দশাননে সব দিকে দেখতে পায় তাই 360 ডিগ্রী ব্যাট ঘোরে। কারোর বলেই আউট হচ্ছে না। ঝড়ের গতিতে রান তুলছে। আর দু ওভার 16 রান বাকি। লক্ষ্মণ-এর 49তম ওভার থেকে এলো 10 রান। শেষ ওভারে মাত্র 6 রান দরকার, যদিও শেষ উইকেট। বল হাতে নিয়ে রাম বিভীষণকে জিজ্ঞেস করল – কি মনে হচ্ছে? কি করা যায়। বিভীষণ বলল – একটাই উপায় লেগ স্ট্যাম্পের বাইরে খুব

স্লো বল দাও, হলে এতেই হবে না হলে হবে না। রাম তাই করলো, ওভারের প্রথম বল, রাবণ সুইচ্ হিট করে অফস্ট্যাম্পের ওপর দিয়ে চার, আর মাত্র 2 রান, বল রয়েছে 5। রাম আবার ডাকল বিভীষণকে। বিভীষণ বলল – বল আরও স্লো কর, যা হবার ওতেই হবে। দ্বিতীয় বলটা রাম অনেকটা দৌড়ে এসে রান আপ স্লো করে বলের ওপর আঙুল রোল করে যথাসম্ভব স্লো করল লেগ স্ট্যাম্পের বাইরে, রাবণ আবার সুইচ হিট করবে ঠিক করলো,বল আসতে দেরী হচ্ছে দেখে রাবণ ক্রিজের অনেক ভেতরে চলে গেলো আর বল লেগ স্ট্যাম্পের কাছে আসতেই সজোরে ব্যাট ঘোরালো বলের ওপর, কিন্তু বলের নাগাল পেতে গিয়ে ব্যালান্স হারালো রাবণ, ভেতরের পা গিয়ে লাগল উইকেটে, রামের বলে হিট উইকেট হলো রাবণ। রামের বাহিনী ১ রানে ম্যাচ জিতল। অবশেষে সীতা উদ্ধার হলো বিনিযুদ্ধে।

রামানুজ স্যার পড়া শেষ করতেই পুরো দর্শকাসন হাততালিতে ফেটে পড়ল। গর্বে বুক ফুলে উঠল শীর্ষর বাবা মার। রামানুজ স্যার ঘোষণা করলেন যে উনি লেখাটা ক্রিকেট অ্যাসোসিয়েশন অব বেঙ্গলে পাঠিয়েছেন। তারাও তাদের প্রশংসা জানিয়েছে এবং একটি ইংরেজী অনুবাদ চেয়েছে – যা বি সি সি আইকে প্রস্তাব দেওয়া হবে শ্রীলঙ্কা ক্রিকেট বোর্ডকে সম্প্রীতির উপহারস্বরূপ দেওয়ার জন্য।

আবার হাততালি, শীর্ষর কাছে এখনও পুরো ব্যাপারটা ঘোরের মত। তবে এতদিনে শীর্ষ কোন ভাল কাজে শীর্ষস্থান অধিকার করেছে – এতে শীর্ষর মা, বাবা, দাদু, দিদা, ঠাকুমা সবাই খুব খুশি আর শীর্ষর বাড়িতে শীর্ষর আদরযত্নও অনেকগুণ বেড়ে গেছে।

## Moglai Paratha (Home Style)

*Shrabana Ghosh*



***Ingredients***

***For Dough***

- Maida (All purpose flour) - 1 cup
- Atta flour - ½ cup
- Vegetable oil - 1 Tblsp
- Salt - ½ Tsp
- Water – as needed

***For Egg Mix:***

- Eggs - 2
- Onion – Half of small size onion Finely chopped
- Green chilly -1 finely chopped
- Coriander leaves - finely chopped around ½ tea cup
- Vegetable Oil
- Salt - ½ Tsp

***Method***

1. Mix all the Ingredients for the dough. Add water and Knead the dough. Cover the dough with round utensil and keep it aside.
2. Next beat the 2 eggs in a bowl. Add the Onion, green chilly, Coriander leaves, salt and mix with egg and whisk together.
3. Make round 6 balls of dough. Roll the dough balls in thin circle.
4. Heat a non-stick pan. Place the thin dough circle on the pan. Cook both sides on medium flame.
5. Add 2-3 Tblsp of egg mixture in the middle of the flat thin dough circle. With help of spoon curve the 3 sides of the dough to give it a triangular shape.
6. Add 1-2 Tblsp of oil for frying. Flip over the Dough with egg on the oil.
7. Fry both sides well and take it out.
8. Repeat for other dough balls.
9. Serve with Maggi Sauce.



*"The best way to find yourself is to lose youself in the service of others."*

*~ Mahatma Gandhi*

# The Earrings

*Evani Snyder (Age 12)*

Shona walked along the vast aisles of the market. The faded cloths of the stalls lined the streets, looking washed out from the outside, but vibrant when you stepped inside. Simple treasures spanning from fish to spools of thread lay inside, or more complex ones ranging from handcrafted jewelry to intricate saris. Along the streets, car horns blared and auto rickshaws squeezed through the crowded lanes. To Shona though, this was all normal.

Calcutta was a dusty place, with lizards inside almost every home and small conventions of mosquitoes around puddles of water. But still, the city was full of life and color.

Shona had been instructed by her mother to get milk for her tea, eggs for breakfast, fish for dinner, and several other herbs and spices. And of course, with nobody's watchful eye, she could buy whatever else she wanted.

After collecting all the things her mother asked for, Shona found herself with only sixty eight rupees left, barely enough to buy her favorite chocolate. She scoured the market for something cheap. She walked down endless stalls until she reached the third to last stall. The stalls weavings caught her eye with a complex stitch of red, yellow, and black. Her eye caught on a piece of jewlery. A pair of earrings lay before her, it's pale bluish grey color reflecting light back into her eyes. Shona scanned for the price. Ninely rupees, the paper said plainly. *I can probably bargain for that,* Shona thought.

"Excuse me, but what price are those earrings right there?" Shona asked, pointing plainly to the earrings. She knew that questioning the price could confuse the shop owner so she could be able to get a lower price for it.

"70 rupees,"the shop owner said in a bored tone. "I can lower the price if you want."

"Can I get them for 68?"Shona pressed.

"Sure. I just want to get them off my hands," the shopkeeper replied in a monotone voice. Shona thought she detected a hint of relief in his voice. She saw him gaze at her with hesitation, as if he wanted to change the price or tell her something.

"Yes?"Shona asked to see if she could get anything out of him.

A slight breeze blew, passing over the tent. After the shopkeeper's pupils dilated ever so slightly, he smiled and said, "You can go along on your way now." Shona handed him the money and walked away, putting her earrings on.

When she walked home, Shona noticed that all the colors of the stalls had changed and that even the dirt road had been turned into a cement one. She rubbed her eyes and looked around to make sure that it wasn't a mirage. Stepping on to the concrete, she noticed that it was real and that it was actually there. Well, that was odd. Maybe she just hadn't noticed it before. Shona walked around the corner and to her house and for the first time she realized that huge black skyscrapers stood among smaller dingy apartments. They were painted a bright color. She walked for a little longer to the place where her apartment stood. The area where her building stood was now a clean plot of dust  and concrete chips. Panic and fear captured Shona with an iron grip.

Shona started to frantically check the other landmarks around her. And it hit her again. There were no more apartments in the area. Only tall office buildings stood before her, making Shona feel smaller than she already was.

Racing down the streets, she asked people if they knew of her siblings. "Excuse me," she said, trying to get the attention of a lady. "Do you know of a boy named Viraj Mukherjee?"

"No," the lady replied. "No, I don't."

Shona started to wonder if she was dreaming. Everybody knew her brother. He had won a national chess tournament. The people who shopped on this part of town would know him then. In fact, the whole city would have known Viraj's name. His victory had been publicized in different newspapers across the city.

People were starting to stare at Shona. She started to walk briskly down the streets of her town. Everybody stared at her earrings. She unclasped them and a certain familiarity to the tiny jewels lay in her brain. Suddenly, a feeling of a match in her brain stuck her. The man. He had acted like there was something wrong with the earrings. The blue grey color became stuck in her brain. The hope diamond. That is why it looked so familiar.

And then she noticed them. Hundreds of posters were pinned to lamp posts. The earrings that lay nonthreateningly in her palm were plastered all over the city. She heard sirens coming from the roads. Someone had called the police on her at the sight of the diamond pieces. She sprinted through the crowded market, shoving the little devils deep into her pocket. But the police were faster. They caught up to her and held her fiercely.


"You are under arrest," one of the officers said, "for holding the most dangerous diamond in the world."

They shoved her towards the car before she could even defend herself. Shona tried to resist. She looked into their eyes and saw frustration and anger. After trying to fight back for a while, she fell limp.

Before closing the doors, Shona had one more chance to ask the police something. "What year is it?" Shona asked the police desperately.

The officer responded, "2149." Then he slammed the door shut.

Shona's eyes widened with a strange type of fear and panic that made her heart sink to her stomach. Before she had gotten the earrings, it had been 2049. A hundred years had passed since her errand in the market.




***Pride of Bengal***
*Sanvhi Bhattacharya (Age 12)*



***Ganapati***
*Ahana Mukherjee (Age 12)*



***Vikram Snyder*** *(Age 8)*



***Riana Das*** *(Age 10)*

# On this auspicious occasion of Durga Puja

# I wish you "HAPPY DURGA PUJA"

WELLS FARGO HOME MORTGAGE

## Local market knowledge.
## Benefits of a nationwide lender.

The homebuying market is always changing. So having an experienced lender by your side can make all the difference. As part of an integrated team of lending professionals, I'm the one person you need to contact. I have access to in-house lending professionals who can deliver loans for almost any homebuyer need, including:

- Low down payment options
- Programs for active-duty military and veterans
- Financing for newly constructed properties
- Options when relocating
- Financing for higher-priced homes

### About me

- All 50 States Licenses and Over 15 years of experience in the mortgage/ real estate/customer service industry
- Specializing in Jumbo Programs; Relationship Discount Rate Pricing
- Active member of Billion Dollar **Mortgages** Volume Funded
- Involved in local Asian, Indian, Bengali Communities
- Top 3 Volume Producers; Leaders

**I'm dedicated to delivering a great experience — with solid preapprovals, ongoing updates, and working toward on-time closings. Call me today.**



Nirmalya Modak
**Sr.** Home Mortgage Consultant
Phone: 408-829-0041
Nirmalya.Modak@wellsfargo.com
www.wfhm.com/nirmalya-modak
NMLSR ID 633685

EQUAL HOUSING LENDER


Information is accurate as of date of printing and is subject to change without notice. Wells Fargo Home Mortgage is a division of Wells Fargo Bank, N.A. © 2017 Wells Fargo Bank, N.A. All rights reserved. NMLSR ID 399801.
REV 3/18
108320 - 09/19

## Glimpses of Yellowstone

*Manas Goswami*








**The Eye** *(Anwesa Goswami)*



**Mishuk***(Anwesa Goswami)*



*“চিত্ত যেথা ভয়শূন্য, উচ্চ যেথা শির জ্ঞান যেথা মুক্ত, যেথা গৃহের প্রাচীর*
*আপন প্রাঙ্গনতলে দিবসশবরী বসুধারে রাখে নাই খন্ড ক্ষুদ্র করি”*

*~রবীন্দ্রনাথ ঠাকুর*

Business Links
INFRASTRUCTURE AUTOMATION CONSULTANTS

OUR SOLUTIONS




*We specialize in delivering end-to-end infrastructure design, deployment, optimization and management through the complete lifecycle of your technology assets -from acquisition through decommissioning.*

SYSTEMS & STORAGE | NETWORKING | CLOUD INFRASTRUCTURE | DATA MIGRATION | BIG DATA | AUTOMATION | VIRTUALIZATION | VIRTUAL NETWORKS

NetApp · PURESTORAGE · EMC² · vmware · ORACLE · cisco · amazon webservices Partner Network CONSULTING PARTNER · f5

# ভ্রমি বিস্ময়ে

*শান্তা চক্রবর্তী*

বহুদিনের সাধ ছিল একবার ভারতের প্রতিবেশী "বাংলাদেশ" দেখার| কিন্তু কিছুতেই যেন যোগাযোগ হচ্ছিলো না| বহুদূরের দেশ ঘুরেছি, কিন্তু..

"ঘর হতে শুধু দুই পা ফেলিয়া
একটি ধানের শীষের ওপর, একটি শিশির বিন্দু"
আর দেখা হয়নি|

যাইহোক অবশেষে সুযোগ এলো - একটা Tourism Club (Voyager) এর সঙ্গে আমরা দুই বন্ধু চললাম বাংলাদেশ| সময় টা ছিল November এর মাঝামাঝি| হালকা ঠান্ডা পড়ছে| প্রথমে কলকাতা থেকে Border (Petropole - Benapole) পেরিয়ে যশোর রোড ধরে সোজা গন্তব্য যশোর শহরে| Border এর নিয়মমাফিক কাজকর্ম ও বাংলাদেশের টাটকা মাছ-ভাত দিয়ে দ্বিপ্রাহরিক খাওয়া সেরে যাওয়া হলো সাগরদাঁড়ি গ্রামে মাইকেল মধুসূদন দত্তর বাড়ি ও জন্মস্থান দেখতে|বাড়ির পাশ দিয়ে বয়ে চলা চিরপরিচিত কপোতাক্ষ নদ| দেখামাত্র মনে হলো এ যেন আমার বহুদিনের চেনা|



*মাইকেল মধুসূদন দত্তর বাড়ি*



*লালন শাহের মাজার*

কত কবিতায় পড়েছি - "দাঁড়াও পথিকবর ....... কপোতাক্ষ নদ" |

পরের দিন ভোরে চললাম কুষ্টিয়ায় লালন শাহের মাজার দেখতে| খুব সুন্দর পরিষ্কার পরিচ্ছন্ন পরিবেশ| বাউল সন্ন্যাসীরা আমাদের বসিয়ে অনেক গান শোনালেন|

বাউল গানে মন ভরিয়ে নিয়ে যাওয়া হলো শিলাইদহে কবিগুরু রবীন্দ্রনাথের কুঠিবাড়িতে| বহুদিনের আশা আজ পূর্ণ হলো| নিচের তলায় নানান কবিতা, কবির লেখা, আর Oil painting |




*কবিগুরু রবীন্দ্রনাথের কুঠিবাড়ি*



*কবির ব্যবহৃত আসবাবপত্র*

বাগানে দুটি বকুলগাছ আছে, একটি স্বয়ং রবীন্দ্রনাথের হাতে লাগানো আর অপরটি প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায় এর লাগানো| শিলাইদহ থেকে বিকেলে রওনা হয়ে Micro বাসে সোজা চললাম ঢাকা| পথে পড়লো ধলেশ্বরী আর মেঘনা নদী| মনে পড়লো এক বিখ্যাত কবিতা --

"সেইখানে বহি চলে ধলেশ্বরী
তীরে তমালের ঘন ছায়া
আঙিনাতে যে আছে অপেক্ষা করে
তার পরনে ঢাকাই শাড়ি, কপালে সিঁদুর"



*কবির লেখা*




*কবিগুরুর ব্যবহার করা নৌকাখানি*

সন্ধ্যা প্রায় ৮:৩০ টায় পৌঁছলাম পদ্মা নদীর ঘাটে| গোয়ালন্দ ঘাটে গাড়ির প্রচুর ভিড়| Bridge নেই| দেখে শুনে ভয় হচ্ছিলো, এতো গাড়ি Vessel এ উঠবে কি করে ? কিন্তু কিছুক্ষন অপেক্ষার পর দেখলাম, অনেক private car, bus, truck - সব একসঙ্গে Vessel এ উঠে পড়লো| আমি আগে কখনো এরকম দেখিনি| আনন্দে আত্মহারা হয়ে গাড়ি থেকে নেমে ঘুরে বেড়াতে লাগলাম| Vessel তো চলছে পদ্মার ওপর দিয়ে| অনেকে দেখি ওপরে deck এ উঠেছে, দেখে আমিও সিঁড়ি দিয়ে ওপরে উঠলাম| রাত্রে নদীর অপূর্ব দৃশ্য| এপার ওপার দেখা যায় না|

"আমরা কোথায় যাচ্ছি .. কে তা জানে
অন্ধকারে দেখা যায় না ভালো"

যাইহোক, নদী শেষ হলো, তারপরও অনেকপথ পেরিয়ে এলো ঝলমলে ঢাকা শহর| রাত্রি কাটলো হোটেলে| পরদিন সকাল থেকে ঢাকার নানা দর্শনীয় স্থান যেমন মুক্তি যোদ্ধাদের শহীদ বেদি, কবি নজরুলের সমাধি, ঢাকেশ্বরী মন্দির, রমনা ময়দান, রমনা কালীবাড়ি, SAVAR (এপার বাংলা ও ওপর বাংলার মনীষীদের মূর্তি অত্যন্ত যত্ন করে সাজানো), রামকৃষ্ণ মিশন, ঢাকা বিশ্ববিদ্যালয় দেখা হলো|



*কবি নজরুলের সমাধি*



*SAVAR*

সবশেষে শেখ মুজিবর রহমানের স্মৃতি বিজড়িত বাড়ি, বর্তমানে বঙ্গবন্ধু Museum দেখে, এবং যে সব জায়গায় তাঁরা সপরিবার খুন হয়েছিলেন, সেই জায়গাগুলো দেখার পর যেন চোখের জল রাখা যায় না|



*শহীদ বেদি*



*ঢাকেশ্বরী মন্দির*

ভারাক্রান্ত মন নিয়ে সেখান থেকে হোটেলে ফেরার পর দুপুরেই রওনা দেওয়া হলো পার্বত্য, চট্টগ্রামের দিকে| ঢাকা থেকে অনেক দূরের পথ| জঙ্গলে ঢাকা আঁকাবাঁকা পাহাড়ি রাস্তা, বম, চাকমা ইত্যাদি পার্বত্য আদিবাসীদের বাস সেখানে| সেইপথ

পেরিয়ে রাঙামাটি (Comilla) পৌঁছতে অনেক রাত হয়ে গেলো| রাঙামাটির আশ্চর্য বিস্ময়, অসম্ভব বড় এক জলাশয়, যেটি শুনলাম বৃষ্টি হলে পূর্ণ হয় - নাম Kaptai lake| তার একদিকে hydel power station করেছে| আর অন্যদিকে রয়েছে অনেক দ্বীপ, আর দ্বীপগুলো পরস্পর সরু বাঁশের রাস্তা দিয়ে জোড়া হয়েছে| আমরা এরকম একটা দ্বীপেই হোটেলে উঠলাম| ভারী সুন্দর, জানলা খুললেই চারিদিকে জল| পরদিন ভোরবেলা কুয়াশার মধ্যেই যেতে হলো লঞ্চে, প্রায় ৩:৩০ ঘন্টা Kaptai lake এ cruise| Lake এর ধারে চাকমাদের ঘর, পরিষ্কার টলটলে জল, তাতে সূর্যোদয় অপূর্ব দৃশ্য |



*রামকৃষ্ণ মিশন*



*Kaptai lake*



*Kaptai lake - চাকমাদের বাড়ি*




*Sublong Falls*

"ছোট ছোট ঢেউ ওঠে আর পড়ে
রবির কিরণে ঝিকিমিকি করে
আকাশেতে পাখি, চলে যায় ডাকি
বায়ু বয় ধীরে ধীরে"
একথা যে কতখানি সত্য তা সেদিন মর্মে মর্মে বুঝলাম|

এবার পার্বত্য চট্টগ্রাম ছেড়ে, সোজা যাওয়া হলো Cox-Bazaar এর দিকে| Cox-Bazaar পৌঁছতে রাত হয়ে গেলো| Sea beach এর সামনেই হোটেল| সকাল হতেই চললাম World's longest natural beach দেখতে| Beach এর ওপর কোনো দোকানপাট নেই, কাজেই বেশ পরিষ্কার পরিচ্ছন্ন| প্রধানত লাবনী Beach এই ঘোরাঘুরি বেশি হলো| কাছেই Burmeese market, কিছু কেনাকাটাও করা গেলো| দুদিন থাকার পর Cox-Bazaar থেকে আরও দক্ষিণে Teknaf পর্যন্ত Micro বাসে যাওয়া হলো| সেখান থেকে cruise এ St. Martin coral island| পথে জাহাজ থেকে Myanmar এর border দেখা যায়|

শুনলাম বাংলাদেশ সরকার কিছুদিনের মধ্যেই tourist দের এই island এ যাওয়া বন্ধ করে এখানে Army base তৈরী করবে| এই দ্বীপে electricity নেই, only generator| বেশ নতুনরকম লাগলো, একেবারে সমুদ্রের ওপর ছোট্ট দ্বীপ|




*Myanmar এর border*

সেখানে একদিন থেকে, আবার জাহাজে করে via Teknaf, Cox-Bazaar ফিরে সেখান থেকে আবার যাওয়া হলো চট্টগ্রাম শহরে| বেশ বড় শহর| সেখানে Patanga marine drive দেখে, স্বাধীনতা সংগ্রামী প্রীতিলতা ওয়াদ্দেদারের কর্মস্থল, যেটা বর্তমানে library হয়েছে, সেখান থেকে সংগ্রামী সূর্যসেন চট্টগ্রামে ব্রিটিশদের যে অস্ত্রাগার লুণ্ঠন করেছিলেন, সেটা দেখা হলো| সেখান থেকে চট্টেশ্বরী কালীমন্দির, সীতাকুন্ড, লোকনাথ মন্দির, ময়নামতির museum এবং Buddhist civilization এর অনেক নিদর্শন, যা মাটির নিচ থেকে পাওয়া গিয়েছে, সেগুলোও দেখলাম|

পরের দিন রাত্রে ঢাকা ফেরা হলো| ফেরার সময় আবার দিনের আলোয় পদ্মা পার হলাম| আবার একই অভিজ্ঞতা| ঢাকা থেকে পরের দিন যশোর হয়ে দেশে ফেরার কথা| মন কিন্তু ভরলো না| অনেক দেখা বাকি রইলো| বাংলাদেশের উত্তর দিকে যাওয়া হলো না, এবং সবচেয়ে ভালো এবং ঘন সুন্দরবন, যা পড়েছে বাংলাদেশের ভাগে, সেই বন দেখা বাকি রয়ে গেলো| এবারকার মতো ফিরতেই হচ্ছে, দেখি যদি পরে কখনো সাতক্ষীরা ও সুন্দরবন যেতে পারি| আপাততঃ এবারের মতো "হে বন্ধু, বিদায়"|




*প্রীতিলতা ওয়াদ্দেদারের কর্মস্থল*



*অস্ত্রাগার*




*ময়নামতির museum*



*Buddhist civilization*

# শ্রীখন্ড মহাদেব যাত্রা ২০১৭

*কুন্তল চক্রবর্তী*

ভেবেছিলাম বেশ কাব্য করে একটা ভ্রমণ কাহিনী লিখব। লিখতে গিয়ে বুঝলাম,লেখা ব্যাপার টা শ্রীখন্ড মহাদেব যাত্রার চেয়েও কঠিন কাজ !!তাই ছোট করে অল্প কথায় কাজ সারব।

শ্রীখন্ড মহাদেব যাত্রা খুব একটা প্রচলিত ও প্রচারিত তীর্থযাত্রা নয়।তাই এর সম্পর্কে কিছু কথা বলা দরকার।যদিও জানি, Google ও YouTube এর দুনিয়ায় সব তথ্যই আজ সবার হাতের মুঠোয়।

পূরাণ অনুসারে,পাঁচটি কৈলাস এর একটি হল এই শ্রীখন্ড মহাদেব।এটি হিমাচল প্রদেশের কুল্লু জেলায় অবস্থিত।উচ্চতা প্রায় সারে সতের হাজার ফুট।Jaon গ্রাম থেকে এর দূরত্ব প্রায় ৩৫/৩৬ কি.মি।যাতায়াত প্রায় ৭০/৭২ কি.মি।

কাঠগোদম থেকে সিমলা হয়ে সারে পাঁচটা নাগাদ Jaon তে পৌছলাম।সন্ধ্যা হয়ে আসছে।লম্বা সফর করে খুব ক্লান্ত।তাই রাত টা Jaon তে কাটিয়ে, পরদিন ভোর ছ'টায় হাঁটা শুরু করলাম Singhad এর উদ্দেশ্য।ভোরের নরম আলোয় চারিদিকে সবুজের সমারোহ। দূরে পাহাড়ের চূড়ায় মেঘের ওড়না। কুরপান নদী কে সঙ্গী করে এগিয়ে চললাম।হালকা চড়াই উৎরাই পথ।হাঁটতে কষ্ট হয় না।এই অঞ্চলে প্রচুর আপেল বাগান।তার মধ্যে দিয়ে পথ।সব গাছেই লাল আপেল ফলে আছে।পাহাড়ের গায়ে বাগান মালিকদের রঙিন ঘর বাড়ি।Guest house ও চোখে পড়লো।যাত্রীদের জন্য লঙ্গর চলছে। Jaon থেকে Singhad এর দূরত্ব 3 কি.মি। 7.30 নাগাদ Singhad পৌছলাম।এখানে যাত্রী দের নাম নথিভুক্ত করতে হয়।নাম নথিভুক্ত করে, একটু বিশ্রাম নিয়ে Barati Nala র দিকে রওনা হলাম।

আমার লেখা, অনেক টা Tv-র মেগা সিরিয়াল এর মতো... এগোতেই চায় না !!যাইহোক, যাত্রা বিরতির অবসরে, কল্যাণী থেকে Jaon এর লম্বা সফরের কথা একটু বলে ফেলি।(সিরিয়ালের "আগে যা ঘটেছে"-র মতো)।

কল্যানী থেকে Jaon পৌছতে আমার পাক্কা সাড়ে 48 ঘন্টা সময় লেগেছে।দূরত্ব তো কম নয়,প্রায় 1800 কিমি।Howrah-Delhi Kalka mail-এ দুই রাত কাটিয়ে অন্ধকার থাকতে Kalka station এ পৌছলাম।ঘড়িতে চারটেও বাজে নি।রেল লাইনের পাশ দিয়ে জনবিরল একটা রাস্তা ধরে bus রাস্তায় এলাম।চায়ের দোকান সবে খুলেছে।চা খেয়ে, ছ'টা নাগাদ Shimla র বাস পেয়ে গেলাম।বাস গুলো Chandigarh থেকে আসে।

পৌনে ন'টা নাগাদ Shimla পৌছলাম।বিরাট Bus stand।কোন বাস কোথায় যাবে, কিছুই বোঝা যায় না।খোঁজ নিয়ে জানলাম, সাড়ে ন'টায় Rampur এর বাস আছে।প্রায় একশ কিমি journey করে Shimla এলাম।এবার আরো 140 কিমি যেতে হবে।যদি Jaon এর বাস পাই,তাহলে আরো 35 কিমি !!

সারে ন'টায় বাস ছাড়লো ঠিকই, কিন্তু Shimla থেকে বের হতে হতে সারে দশটা বাজিয়ে দিল।বাসের জানলা দিয়ে পাহাড়ের ঢেউ দেখতে দেখতে এগিয়ে চললাম।অনেকক্ষণ পর গাছপালা র ফাঁক দিয়ে অনেক নিচে Satluj নদী দেখতে পেলাম।যত নামছি,নদী ততই বড় হচ্ছে।এক সময়ে নদীর পাশ দিয়ে বাস চলতে লাগলো।বর্ষার ঘোলা জলে ভরা নদীতে তীব্র স্রোত।রাস্তা ততটা চওড়া নয়।গাড়ির crossing বেশ বিপজ্জনক।

বিকেল তিনটে নাগাদ Rampur এর 5/6 কিমি আগে Duttnagar এ, আমার মতো কয়েক জন Srikhand যাত্রীকে Jaon এর ভীড়ে ঠাসা বাসে তুলে দেওয়া হল।ভারী ব্যাগ নিয়ে কোনমতে দাঁড়িয়ে রইলাম।Nirmand এ বসার জায়গা পেলাম।শরীর আর চলছে না।বিকেল পাঁচটা নাগাদ Baghipul পৌছলাম।আগে এই পর্যন্ত বাসে এসে, তারপর ছোট গাড়ি তে Jaon যেতে হতো।এই অঞ্চলের আপেল এখান থেকেই ট্রাকে করে বিভিন্ন দিকে পাড়ি দেয়।অবশেষে সারে পাঁচ টা নাগাদ ক্লান্ত দেহে Jaon পৌছলাম।সন্ধ্যা হয়ে আসছে।পাহাড়ের মাথায় মেঘের আস্তরন। ঠান্ডাও বাড়ছে।অনেকেই Singhad এর দিকে হাঁটা দিল।আমার ক্ষমতায় কুলাবে না,তাই Jaon তেই রাত্রিবাস।বিশ্রাম দরকার।

Singhad-এ নাম নথিভুক্ত করে আট টা নাগাদ আবার হাঁটা শুরু করলাম Barathi Nala-র দিকে।singhad হল এই পথের শেষ জনবসতি।ছবির মতো একটা গ্রাম।দু-একটা দিন এখানেই কাটিয়ে দেওয়া যায়।

Singhad এর পর থেকেই পথের চড়াই উৎরাই বাড়তে লাগল।বড় বড় গাছের ছায়া ঢাকা পথ।গাছ গুলোর গায়ে শ্যাওলার আস্তরন।পথ কর্দমাক্ত ও পিচ্ছিল।কিছুটা নিচ দিয়ে প্রচন্ড গর্জনে বয়ে চলছে কুরপান নদী। Singhad থেকে Barathi Nala র দূরত্ব আড়াই-তিন কিমি হবে।একটা অপ্রসস্থ গভীর গিরিখাতের মধ্যে দিয়ে পথ।খানিকটা চলার পর একটা অত্যন্ত সংকীর্ন ও বিপজ্জনক জায়গায় এসে পৌছলাম। খুব সাবধানে জায়গা টা পেরিয়ে হাঁফ ছেড়ে বাঁচলাম।এর পর একটা খারা চড়াই ভাঙতে হবে।দম নেওয়া প্রয়োজন।তাই একটু যাত্রা বিরতি।

কুরপান নদীর জলভরা ঠান্ডা বাতাস গায়ে মেখে তরতাজা হয়ে, নতুন উদ্দমে খাড়া চড়াই চড়তে শুরু করলাম।পাথর ও গাছের শিকরের ফাঁকে পা রেখে ধাপে ধাপে অনেক টা উঠে গেলাম।নির্জন বনপথ।নদীর গর্জন ছাড়া আর কোন শব্দ নেই।

কিছুটা চলার পর,গাছপালা র ফাঁকে নীল প্লাস্টিক এর ছাউনি দেখা গেল।বুঝলাম, Barathi Nala এসে গেছি।বিপজ্জনক খাড়া পাথরের সিড়ি বেয়ে নেমে এলাম আশ্রম প্রাঙ্গণে।এখানে যাত্রীদের থাকা-খাওয়া র ব্যবস্থা আছে।নামার সময়ে হাঁটু টা একটু মোচকে গেল।তাই ব্যাথার মলম মালিশ করে নিলাম।এই সামান্য ব্যথা, আমার যাত্রা পথের কষ্ট দ্বিগুণ বাড়িয়ে দিয়েছিল।

এখানে আরেকবার নাম ধাম লিখতে হলো।বেলা সারে ন'টা নাগাদ একটা ছোট ঝর্না পেড়িয়ে শুরু করলাম এই পথের অন্যতম কঠিন চড়াই,যার প্রচলিত নাম "ডান্ডাধার"।যাত্রী র হাতের লাঠি টার মতো ই খারা এই পথ।Barathi Nala থেকে Thachruর দূরত্ব প্রায় 7/8 km. Barathi Nala র উচ্চতা প্রায় 7300 ফুট।Thachru- র উচ্চতা প্রায় 11300 ফুট।অর্থাৎ প্রায় 4000 ফুট উঠে যেতে হবে।ধীরে ধীরে উঠতে লাগলাম।হাঁটুতে ব্যাথা হচ্ছে।পা এবং ফুসফুস কে বিশ্রাম দিতে মাঝে মাঝে দাঁড়াতে হচ্ছে।যতো উঠছি,ঠান্ডাও বাড়ছে।মেঘের দল আকাশ, বন,পাহাড় সব ঢেকে দিচ্ছে।বৃষ্টি এই পথের নিত্য সঙ্গী।অর্ধেক পথ যেতে না যেতেই বৃষ্টি নামল।লাঠি-ছাতা সামলে পথ চলা বেশ কঠিন।পিচ্ছিল পথ খুবই বিপজ্জনক।এই পথে কয়েক কিমি অন্তর tent আছে।যাত্রীদের থাকা-খাওয়ার কোন অসুবিধা নেই।অনেক বার বিশ্রাম নিয়ে, সন্ধ্যা ছ'টা নাগাদ Thachru তে পৌছলাম।শেষ কয়েক

কিমি,প্রচন্ড হাঁটু ব্যথা নিয়ে আমি যে কি ভাবে হেঁটেছি,তা শুধু আমি জানি আর জানেন স্বয়ং মহাদেব।প্রসঙ্গত জানিয়ে রাখি,স্থানীয় প্রবাদ অনুযায়ী যাত্রীদের 'শ্রী' অর্থাৎ স্বাস্থ্য, সৌন্দর্যের অহংকার খন্ড খন্ড হওয়ার পরই শ্রীখন্ড মহাদেব দর্শন করা যায়।

Thachru তে পৌঁছে যাত্রা সঙ্গী দের কাউকে ই খুঁজে পেলাম না।সবাই অনেক আগেই পৌঁছে গেছে।অন্ধকার হয়ে আসছে।চারিদিক মেঘে ঢেকে গেছে।শরীর আর চলছে না।কোনোক্রমে একটা tent এ আশ্রয় নিলাম।সাতটা নাগাদ লঙ্গরে গেলাম।ভাত আর দুই রকম ডাল রাতের মেনু।খাওয়া শেষ হওয়ার আগেই মুষলধারে বৃষ্টি নামল।আরেক জনের ছাতার তলায় জল-কাদায় মাখামাখি হয়ে tent এ ফিরে কম্বলের তলায় আশ্রয় নিলাম।প্রকৃতির তান্ডবের শব্দ শুনতে শুনতে ঘুমিয়ে পড়লাম।

পরের দিনটা সম্পূর্ণ বিশ্রাম নিলাম।হাঁটার মতো অবস্থায় ছিলাম না।সারা দিন স্থানীয় guide-porter ও tent মালিক দের সঙ্গে গল্প করে কাটিয়ে দিলাম।তাদের মতে, ডান্ডাধার হল সিনেমার trailer..পুরো সিনেমা টা নয়ন সরোবরের পর দেখতে পাবো।বুঝলাম, কপালে অনেক দূঃখ আছে।ফিরে যাওয়ার চিন্তা ঝেড়ে ফেলে, পরবর্তী যাত্রার মানসিক প্রস্তুতি শুরু করলাম।

**Day 3**

এক দিনের সম্পূর্ণ বিশ্রাম acclimatization এর কাজ করলো।শরীর ও মনের ক্লান্তি কাটিয়ে সকাল সোয়া সাতটায় হাঁটা শুরু করলাম kali top এর দিকে।দূরত্ব 3 কিমি।প্রথম এক-দেড় কিমি বনপথ।বিশাল বিশাল গাছের ফাঁক দিয়ে চড়াই পথ। গত রাতের বৃষ্টিতে কর্দমাক্ত।সাবধানে পা ফেলতে হয়।sackএর ওজন কমানোর জন্য কিছু জিনিস Thachruর tent মালিকের কাছে রেখে এলাম।ফেরার পথে নিয়ে নেব।এই যাত্রায় ব্যাগের ওজন যথাসম্ভব কম রাখা খুব জরুরি।

ঘন্টা খানেক হাঁটার পর হঠাৎ বন শেষ হয়ে গেল।শুরু হলো অপূর্ব বুগিয়াল।trek এর প্রকৃত আনন্দ tree line শেষ হওয়ার পরই পাওয়া যায়।অনেক দূর পর্যন্ত পাহাড়ের ঢেউ দেখতে পাওয়া যায়।মেঘের আড়াল থেকে সূর্য উঁকি দিচ্ছে।দূরে পাহাড়ের গায়ে ঝর্নাগুলো জমে বরফ হয়ে আছে।একটু বিশ্রাম নিয়ে এগিয়ে চললাম।বন শেষ হলেও চড়াই আগের মতই আছে।কিছু টা এগিয়ে ছাতুর সরবত বানিয়ে খেয়ে নিলাম।এনার্জি দরকার।ছাতু ও চিড়ে আমার সব trek এর সঙ্গী।কনকনে ঠাণ্ডা হাওয়ায় হাত জমে যাচ্ছে।বহু দূরে অনেক নিচে Singhad দেখা যাচ্ছে।পাহাড়ের ঢালে মেঘের আস্তরন।অবর্ণনীয় দৃশ্য।প্রায় সোয়া ন'টা নাগাদ kali top পৌছলাম।কয়েকটি tent আছে।থাকা-খাওয়ার বন্দবস্তও আছে।এখানেই শেষ হচ্ছে 'ডান্ডাধার'-এর চড়াই।এরপর ভীম তালাই পর্যন্ত দেড়-দুই কিমি উৎরাই পথ।কিছুক্ষন বিশ্রাম ও প্রকৃতির অপরূপ সৌন্দর্য উপভোগ করে, মা কালীর আশীর্বাদ নিয়ে উৎরাই পথে এগিয়ে চললাম।

kali top এর উচ্চতা প্রায় 12,800 ফুট।Bheem talai-এর উচ্চতা প্রায় 11,300 ফুট।অর্থাৎ, দেড়-দুই কিমির মধ্যে দেড় হাজার ফুট নামতে হবে।খারা উৎরাই পথে নামা টা খুব সহজ কাজ নয়।

অনেক নিচে Bheem talai-এর tent দেখা যাচ্ছে।কিছু টা ওপরে একটা glacier দেখতে পাচ্ছি।এই পথের প্রথম glacier।আরো উঁচু তে Kunsa দেখা দিয়েই মেঘের আড়ালে লুকিয়ে পড়লো।অনেক টা নেমে Valleyতে পৌছলাম।বিভিন্ন রকম ফুলের ঘন ঝোপের মধ্যে দিয়ে পথ চলে গেছে।

Bheem talai হল ছোট একটা প্রাকৃতিক পুকুর।কয়েকটা জলের ধারা এসে মিশেছে।weatherখুব খারাপ ছিল বলে ছবি তুলতে পারিনি।এখানে আমার সামনে দিয়ে কয়েকজন উদ্ধার কর্মী একটা শবদেহ বহন করে নিয়ে গেল।সারা শরীর কম্বলে ঢাকা।শুধু জুতো টা দেখা যাচ্ছে।দৃশ্যটা দেখে মনটা খারাপ হয়ে গেল।বাড়িতে যারা আমার পথ চেয়ে বসে আছে, তাদের মুখ গুলো চোখের সামনে ভেসে উঠলো।তাদের জন্যে সুস্থ শরীরে আমাকে বাড়ি ফিরতেই হবে।অচেনা বন্ধুটির আত্মার শান্তি কামনা করে এগিয়ে চললাম।11 টা নাগাদ একটা tent এ sack নামালাম।একটা tea break খুব দরকার।

এক পশলা তুমুল বৃষ্টির পর 12 টা নাগাদ আবার হাঁটা শুরু করলাম।হালকা চড়াই পথ।দুই পাশে ঘন ঝোপঝাড়।পথের ওপর দিয়ে বয়ে যাওয়া একের পর এক ঝর্ণা পেরিয়ে চলেছি।Kunsa-কে এই কারণে 'the land of waterfalls' বলা হয়।বর্ষার পর এই অঞ্চলে অনেক ফুল ফোটে।তাই এই অঞ্চল Himachal Pradesh এর 'Valley of flowers' নামেও পরিচিত। একটু পরেই আবার শুরু হলো প্রাণান্তকর চড়াই।খুব ধীরে চড়াই পথ অতিক্রম করে এই পথের প্রথম Glacier দেখতে পেলাম।বিপজ্জনক পিচ্ছিল পথ ধরে Glacier এর সামনে এসে পৌছলাম।কিন্তু কি ভাবে glacier টপকাবো,বুঝতে পারছি না।ওপার থেকে একজন বলছে ওপর দিয়ে যেতে।আরেক জন বলছে নিচের দিক দিয়ে পার হতে।শেষে নিচের দিক দিয়েই অনেক কষ্টে ওপারে পৌছলাম। কাজটা সহজ ছিল না।যাত্রা পথ সুগম রাখতে যাত্রা কর্মীদের কর্ম তৎপরতা দেখলাম।glacier কেটে পথ করে দেয় এরা।এই নিরলস কর্মীদের মনে মনে ধন্যবাদ জানিয়ে Kunsa-র পথে পা বাড়ালাম।

Glacier এর পর বেশ খানিকটা চড়াই ভাঙার পর হঠাৎ road block।একটা বিরাট ছাগলের পাল পথ আগলে দাঁড়িয়ে আছে।যাত্রীদের দেখে একটু ভয় পেয়েছে।আমি পাহাড়ের ঢালের দিকে।এক সঙ্গে সবাই দৌড় শুরু করলেই বিপদ।হাজার ফুট নিচে গড়িয়ে পড়তে হবে।হতভাগ্য অচেনা বন্ধুটির কথা বিলক্ষন মনে আছে।সাবধানে ঢালে নেমে দাঁড়ালাম।স্থানীয় এক যাত্রী ছাগলের পাল কে কিছুটা সরিয়ে যাওয়ার পথ করে দিল।উল্টো দিকের ঢালে উঠে হাঁফ ছেড়ে বাঁচলাম।স্থানীয় যাত্রীরাই রাস্তা ফাঁকা করে দিল।পাহাড়ের ঢালে বসে ছাগল তাড়ানো দেখতে মন্দ লাগছিল না। কিছুটা হালকা চড়াই ভেঙে একটা বাঁক ঘুরে কয়েকটা tent চোখে পড়লো।বুঝলাম Kunsa এসে গেছি।দুপুর দু'টো নাগাদ Kunsa পৌছলাম। Bheem talai থেকে Kunsaর দূরত্ব 3/4 কিমি হবে।এখান থেকে Bheem dwar আরো 3/4 কিমি।হাতে অনেক সময় আছে।ঘন্টা খানেক বিশ্রাম নেব বলে একটা tent-এ ম্যাগির অর্ডার দিয়ে শুয়ে পড়লাম।

Kunsa জায়গাটা খুব সুন্দর।পাহাড়ের ঢালে সবুজ গালিচা।তাতে নানা রঙের নাম না জানা ফুলের নকশা।থাকা-খাওয়ার অসুবিধা নেই।ইচ্ছা করলেই এখানে একটা দিন কাটানো যায়।lunch সেরে,Kunsaর অপূর্ব সৌন্দর্য দুচোখ ভোরে দেখে, তিনটে নাগাদ আবার হাঁটা শুরু করলাম। Kunsaর পর Bheem dwar পর্যন্ত পথের চড়াই-উৎরাইটা অনেক কম। সাড়ে পাঁচটা নাগাদ দূরে পথের কিছুটা নিচে, আমার আজ রাতের ঠিকানা Bheem dear এর অনেক tent দেখতে পেলাম।বেশ চওড়া একটা Valleyতে ছড়ানো নানা রঙের tent এর মেলা।এক দিক দিয়ে বয়ে যাচ্ছে শ্রীখন্ড গঙ্গা।নদীর ওপারে পাহাড়ের গায়ে ছোট ছোট ঝর্ণা জমে বরফ হয়ে আছে।টিপটিপ বৃষ্টিতে পা চালালাম।প্রায় সাড়ে ছ'টা নাগাদ Bheem dwar পৌছলাম।দূর থেকে যতটা কাছে মনে হয়,ততটা কাছে মোটেও নয়।এটাই পাহাড়ের বৈশিষ্ট্য।


Chowrangee
A slice of bengal in bay
(916) 220 9118

গত রাতে Thachru তে বুদ্ধি সিং-এর tentএ যে দলের সঙ্গে ছিলাম, আজও তাদের সঙ্গেই থাকব৷ওরাই tent ভাড়া করে রেখেছে৷জনপ্রতি 200 টাকা/রাত৷Thachruতে tent ভাড়া 100টাকা/রাত৷12 জন ছিলাম একটা tentএ৷যাইহোক,এই দূর্গম জায়গায় আরামে রাত কাটানোর জায়গা পাচ্ছি, এটাই অনেক৷

Tent-এ sack রেখে বাইরে এলাম৷সন্ধ্যা হয়ে আসছে৷নদীর গর্জন শোনা যাচ্ছে৷দূরে অনেক টা ওপরে Parvati baag এর tent দেখা যাচ্ছে৷কাল ওই পথেই যেতে হবে৷যাত্রার কঠিনতম অধ্যায়৷রাত 3-4টের মধ্যে বেড়িয়ে পড়তে হবে৷ভালো বিশ্রাম দরকার৷আটটা নাগাদ লঙ্গরে খেয়ে শুয়ে পড়লাম৷যাত্রীদের কথাবার্তা, নদীর গর্জন শুনতে শুনতে ঘুমিয়ে পড়লাম৷৷

**Day 4..The final challenge..**

মাঝরাতে প্রচন্ড বৃষ্টির আওয়াজে ঘুম ভেঙে গেল৷তাবুর ছাদে নায়গ্রার গর্জন৷বাইরের তাপমাত্রা হিমাঙ্কের নিচে৷তাবুর ভেতরে ঠান্ডা অনেক কম হলেও,দুটো কম্বলেও শীত করছে৷রাত দু'টোর পরও বৃষ্টি চলতে লাগলো৷রাত তিনটে তে হাঁটা শুরু করবো ভেবেছিলাম৷তা আর হলো না৷

ভোর চারটে নাগাদ আবার ঘুম ভাঙলো৷বৃষ্টি থেমে গেছে৷টর্চের আলোয় ছাতুর সরবত বানিয়ে খেয়ে, বাইরে এলাম৷প্রচন্ড ঠান্ডা৷মেঘ কেটে গিয়ে নক্ষত্র খচিত আকাশ৷দূরে পাহাড়ের গায়ে আলোর বিন্দু দেখে বুঝলাম অনেকেই হাঁটা শুরু করে দিয়েছে৷

পাঁচটা নাগাদ জল ও কিছু শুকনো খাবার নিয়ে হাঁটা শুরু করলাম৷আমার জিনিস পত্র tent এ রেখে এলাম৷ফিরে এসে এই tent এই থাকব৷আলো ফুটে গেছে৷জল-কাদায় পথের অবস্থা খুবই খারাপ৷একের পর এক ঝর্ণা পেড়িয়ে এগিয়ে চললাম৷হালকা চড়াই৷হাঁটতে ভালই লাগছে৷নদীর গর্জন ক্রমশ বাড়ছে৷একটু পরেই পৌছলাম শ্রীখন্ড গঙ্গা জলপ্রপাতের তীরে৷এই পথের সব চেয়ে বড় ঝর্ণা৷পাথরের ওপর পা রেখে ঝর্ণা পেড়িয়ে প্রবল চড়াই চড়তে শুরু করলাম৷Parvati baag-এর দূরত্ব প্রায় 3 কিমি৷একটানা চড়াই ভেঙে সাতটা নাগাদ পার্বতী বাগ পৌছলাম৷

মেঘমুক্ত নীল আকাশ৷প্রভাতী সূর্যের উজ্জল আলোয় চারিদিক ঝলমল করছে৷দূরে পাহাড়ের গায়ে অলস মেঘ জড়িয়ে আছে৷অনেক ওপরে আকাশের গায়ে শ্রীখন্ড মহাদেব শিলা পরিষ্কার দেখা যাচ্ছে৷প্রসঙ্গত জানিয়ে রাখি, 72 ফুট উচু এই শীলাখন্ডটি বহু দূর থেকে দেখা যায়৷ Jaon, Thachru থেকেও দেখা যায়৷সকালে ও সন্ধ্যায় আরতী হয়৷ পার্বতী বাগের পর আর কোথাও খাবার পাওয়া যাবে না৷তাই আলুর পরোটা আর চা দিয়ে ব্রেকফাস্ট সেরে নিলাম৷বোতলে জল ভরে নিলাম৷এরপর আর পানীয় জল পাওয়া যাবে না৷পৌনে আট টা নাগাদ,মা পার্বতীর আশীর্বাদ নিয়ে আবার হাঁটা শুরু করলাম নয়ন সরোবরের দিকে৷দূরত্ব দুই কিমি৷এই অঞ্চলে পবিত্র ব্রহ্মকমল ফুল ফোটে৷আমি শুধু কুঁড়ি দেখতে পেলাম৷ফুল ফোটার সময় হয়নি৷এখান থেকেই শুরু হচ্ছে এই পথের কষ্টকর Rock zone৷সবুজের সমাপ্তি৷শুধু পাথর আর পাথর৷যাত্রা কর্মীরা পাথরের গায়ে লাল আর হলুদ রং দিয়ে পথের দিক নির্দেশ না করলে, গাইড ছাড়া এই পথে যাওয়া সম্ভব হতো না৷খুব সাবধানে পা ফেলতে হয়৷অন্যমনস্ক হলেই আছাড় অনিবার্য৷প্রায় ন'টা নাগাদ নয়ন সরোবর পৌছলাম৷

পার্বতী বাগ থেকে রওনা হওয়ার পরই weather খারাপ হতে শুরু করেছিল৷টিপটিপ বৃষ্টির মধ্যে যখন নয়ন সরোবরে পৌছলাম, চারিদিক তখন মেঘের আড়ালে৷নয়ন সরোবর হল একটা ছোট Glacial pond..পূরাণমতে,মা পার্বতীর চোখের জলে সৃষ্ট এই হ্রদ৷বছরের বেশীর ভাগ সময়ে এই অঞ্চল বরফে ঢাকা থাকে৷কিছু জায়গায় এখনো বরফ জমে আছে৷বহু মানুষ এখানে পূজা দিয়ে শেষ পর্যায়ের যাত্রা শুরু করে৷অনেকেই একটু দম নিয়ে নিচ্ছে আসন্ন দমফাটা চড়াই ভাঙার জন্য৷আমারও একটু বিশ্রাম দরকার৷

Nayan sarovar এর উচ্চতা প্রায় সারে চৌদ্দ হাজার ফুট৷আর শ্রীখন্ড মহাদেব এর উচ্চতা প্রায় আঠেরো হাজার ফুট৷অর্থাৎ, শেষ পাঁচ কিমি.-র মধ্যে প্রায় সারে তিন হাজার ফুট উঠতে হবে৷এর সঙ্গে আছে 30 কিমি হাঁটার ক্লান্তি, অসম্ভব খারাপ weather,বৃষ্টি, হাড় কাঁপানো ঠান্ডা৷ সর্বপরি, অত্যন্ত খারাপ ও বিপজ্জনক পথ৷ Actually, নয়ন সরোবরের পর থেকে পথ বলে কিছু নেই৷শুধুই পাথর চড়া৷শীতকালে এই পুরো অঞ্চল বরফে ঢাকা থাকে৷এই জন্য, এই পথের বেশি ভিডিও করতে পারিনি৷ছাতা,লাঠি সামলে পথ চলাই কঠিন৷এই পথের বর্ণনা ভাষায় প্রকাশ করা আমার পক্ষে অসম্ভব৷তাও চেষ্টা করছি৷

বেশ কিছুক্ষণ স্বর্গ পথের দিকে চেয়ে বসে রইলাম৷কয়েকটি ছোট ছেলে-মেয়ে ও কিছু বয়স্ক যাত্রীদের উঠতে দেখে সাহস সঞ্চয় করে, সাড়ে ন'টা নাগাদ স্বর্গারোহন শুরু করলাম৷প্রথমেই দমফাটা চড়াই৷ধীর পদক্ষেপে উঠতে লাগলাম৷একটানা দশ পা চলতেও হাঁফ ধরছে৷ঘন্টা খানেক চলার পর একটা glacier পড়লো৷গলে যাওয়া glacier বেশ বিপজ্জনক৷পথ খুঁজে পাওয়া যায় না৷কিছুক্ষণ হাঁটার পর একটা খাড়া পাথরের সামনে হাজির হলাম৷trekkingএর ভাষায় যাকে spider wall বলে৷ছাতা বন্ধ করে, চার হাত-পায়ের সাহায্যে কোনো ক্রমে উঠে গেলাম৷

উঠছি তো উঠছিই,পথ আর ফুরায় না৷এক'শ মিটার পথ,এক কিলোমিটার বলে মনে হচ্ছে৷দম নেওয়ার জন্য মাঝে মধ্যেই দাঁড়াতে হচ্ছে৷বসার উপায় নেই৷কেউ বসে পড়লে, যাতায়াতের পথ বন্ধ৷কিছু জায়গায় নেমে আসা যাত্রীদের পথ ছাড়াও মুশকিল৷চারিদিক মেঘে ঢাকা৷কিছুই দেখা যাচ্ছে না৷একটাই চিন্তা,দুপুরের মধ্যে পৌছাতে হবে৷সম্মোহিতের মতো হেঁটে চলেছি৷

বেশ কয়েকটি glacier পেরিয়ে,প্রায় সাড়ে বারোটা নাগাদ Bheem baiee পৌছলাম৷কথিত আছে, দ্বিতীয় পান্ডব ভীম এই স্থানে স্বর্গের সিড়ি বানানো শুরু করেছিল৷কিন্তু শেষ করতে পারেনি৷বিশাল বিশাল পাথরের খন্ড একে অপরের ওপর এমনভাবে পড়ে আছে, যে মনে হতেই পারে এখানে কোন এক সময় সিড়ি ছিল৷সবচেয়ে আশ্চর্য, পাথর গুলোর গায়ে বিচিত্র ভাষায় কিছু লেখা আছে৷যার পাঠোদ্ধার এখনও সম্ভব হয়নি৷

আবহাওয়া পরিষ্কার থাকলে, Bheem Baiee থেকেই শ্রীখন্ড শিলা দেখা যায়৷সেই স্বর্গীয় দৃশ্য থেকে আমরা বঞ্চিত হলাম৷Bheem Baiee র পর সাতটি চূড়া পেরিয়ে দেবাদিদেবের দরবারে পৌছাতে হয়৷এই শেষ এক-দেড় কিমি পথ ভীষণ কষ্টকর৷মনেহয়,আর পারবো না৷ফিরে যাওয়াই ভালো৷মিনিটে মিনিটে glucose খেয়েও পা আর চলতে চায় না৷শরীরের সব শক্তি নিংড়ে নেয় পথশ্রম৷এই অবস্থায় মনের জোরই একমাত্র চালিকা শক্তি৷প্রতি পদক্ষেপে সবার মুখে শুধুই.. 'জয় ভোলে','জয় শংকর'৷একে অপরকে উৎসাহিত করাই এখানকার দস্তুর৷একের পর এক পাথরের চুড়া টপকে,প্রায় দেড়টা নাগাদ আমি শ্রীখন্ড মহাদেব-এর দরবারে পৌছলাম৷

সশরীরে স্বর্গলাভ-এর বিরল অনুভূতি৷মনের অবস্থা ভাষায় প্রকাশ করা যায় না৷একটা বিহ্বল অবস্থা৷সব অহংকার এক মুহূর্তে দূর হয়ে যায়৷নিজেকে অত্যন্ত নগন্য বলে মনে

হয়।অতি বড় নাস্তিকের মনেও ভক্তিভাব জেগে ওঠে। অধিকাংশ যাত্রীর চোখে আনন্দাশ্রু।কষ্ট সার্থক।জীবণ সার্থক।

কিছুটা দূরে জুতো খুলে রেখে, খালি পায়ে শ্রীখন্ড শিলার কাছে গিয়ে প্রণাম করলাম।সবার মঙ্গল কামনা করে,প্রায় দুটো নাগাদ ফেরার পথ ধরলাম।ইচ্ছা থাকলেও বেশিক্ষণ থাকার উপায় নেই।দশ কিমি পথ ফিরতে হবে।হাঁটুর অবস্থা খুব খারাপ।অনেক সময় লাগবে।Bheem dwar পৌছাতে রাত হয়ে যাবে।ধীরে ধীরে নামতে শুরু করলাম।প্রায় পাঁচটা নাগাদ Nayan sarovar এ পৌছলাম।সন্ধ্যা নামছে।পথ প্রায় জনশূন্য।শেষ বিকেলের আলোয় Parvati baag রওনা হলাম। সাড়ে ছ'টা নাগাদ Parvati baag এলাম।কিছু পরিচিত যাত্রীর সঙ্গে দেখা হল।গতকাল এক তাবুতেই রাত কাটিয়েছি।চা খেয়ে এক সঙ্গে রওনা হলাম Bheem dwar এর দিকে।শ্রীখন্ড গঙ্গা জলপ্রপাত পৌছানোর আগেই অন্ধকার সব গ্রাস করে নিল।টর্চের আলোয় ঝর্ণার ধারে এসে দেখি, নদীর জল বেড়ে গিয়ে পারাপার বন্ধ।দুজন স্থানীয় গাইড নদীর এপার থেকে ওপার পর্যন্ত সরু একটা দড়ি লাগিয়ে, যাত্রীদের ওপারে নিয়ে যাওয়ার ব্যবস্থা করলো।অত্যন্ত বিপজ্জনক ভাবে যাত্রীরা একে একে নদী পেরতে লাগলো।আমি টর্চ ধরে বসে রইলাম।স্রোতের টানে পা ঠিক ভাবে রাখাই যায় না।সব শেষে আমি টলমল পায়ে নদী পার হলাম।আমাদের পরে আর কেউ নদী টপকাতে পারেনি।জল আরো বেড়ে গেছিল। বাকিরা Parvati baag এ রাত কাটিয়েছিল।শেষ দেড় কিমি পথ সম্পূর্ণ অন্ধকারে,মাত্র একটা টর্চের আলোয় পাঁচজন কে হাঁটতে হল।আমি ছাড়া আর কেউই টর্চ নিয়ে যায়নি। রাত সাড়ে আট টার পর বিধ্বস্ত অবস্থায় Bheem dwar পৌছলাম।লঙ্গরে খেয়ে, ভেজা জামা-কাপড় ছেড়ে sleeping bag এর ভিতরে আশ্রয় নিলাম।

**Day 5..**

তাবুর বাইরে যাত্রীদের কথাবার্তার আওয়াজে সকাল পৌনে সাতটা নাগাদ ঘুম ভাঙলো।sleeping bagএর ওম ছেড়ে বেরোতে ইচ্ছা করছে না।কিন্তু উপায় নেই।আজ Thachru পর্যন্ত যেতেই হবে।অতিকষ্টে sleeping bag থেকে বেরিয়ে, গতকালের ভেজা পোশাক পরে ফেললাম।আধমনী ভেজা জুতোটা খালি পায়ে গলিয়ে তাবুর বাইরে এলাম।প্রভাতি সূর্যের আলোয় পাহাড় চূড়ার বরফ যেন রুপোর মুকুট। যাত্রীদের ব্যাস্ততা শুরু হয়ে গেছে।গতকাল ছিল যাত্রার শেষ দিন।লঙ্গরের ত্রিপল খুলে ফেলা হচ্ছে।চা আর হালুয়া দেওয়া চলছে। তাড়াতাড়ি চা,হালুয়া খেয়ে তৈরি হয়ে নিলাম।অনেক ওপরে দৃশ্যমান শ্রীখন্ড শিলাকে প্রণাম করে, সাড়ে সাতটা নাগাদ হাঁটা শুরু করলাম।জোরে হাঁটার তাড়া, ইচ্ছা এবং ক্ষমতা..কোনোটাই নেই।হিমালয়ের অপরূপ রূপ দেখতে দেখতে এগিয়ে চললাম।

চেনা পথও আজ অচেনা, নতুন লাগছে।পরিষ্কার আকাশে মেঘের চিহ্ন নেই।বহু দূর পর্যন্ত পাহাড়ের ঢেউ আজ দৃশ্যমান। সকাল দশটা নাগাদ Kunsa পৌছলাম।পরিচিত tent টিতে sack নামালাম।ভেজা জুতোর ঘষায় পায়ের ankle এর দুই পাশে ছাল উঠে গিয়ে জ্বালা করছে।খালি পায়ে ভেজা জুতো পড়ে পাহাড়ি পথে হাঁটা বেশ কষ্টকর।ম্যাগি দিয়ে lunch সেরে,এগারোটা নাগাদ আবার পথে নামলাম। একটা ছেঁড়া প্লাস্টিকের রেনকোট পায়ে জড়িয়ে জুতো পড়ে নিলাম।সঙ্গে band aid নেই।থাকলে কষ্টটা কম হতো।বেশির ভাগটাই উৎরাই পথ।হাঁটতে কষ্ট হওয়ায় কথা নয়।কিন্তু হাঁটুতে ব্যাথা থাকলে, খাড়া উৎরাই পথও কষ্টকর।

Kunsaর পর থেকেই আবহাওয়া খারাপ হতে শুরু করলো।দেখতে দেখতে পাহাড়, আকাশ মেঘের আড়ালে মুখ লুকালো।বৃষ্টির মধ্যে, প্রায় সাড়ে বারোটায় bheem talai পৌঁছে,চায়ের অর্ডার দিয়ে উনুনের পাশে বসলাম।একটু উষ্ণতার খুব প্রয়োজন।একটা নাগাদ বৃষ্টি কিছুটা কম হওয়ায়, রওনা হলাম kali top এর দিকে।এই যাত্রার শেষ খাড়া চড়াই।দুজন পরিচিত যাত্রী আমার সঙ্গী হল।জল,গ্লুকোজ খাইয়ে তাদের শক্তি ফেরালাম।সকলেই ক্লান্তির শেষ সীমায়।আড়াই টায় kali top পৌছলাম।কনকনে ঠান্ডা বাতাস হাড় পর্যন্ত কাঁপিয়ে দিচ্ছে।গরম চায়ে চুমুক দিয়ে গা কিছুটা গরম হলো।মা কালীকে প্রণাম করে,তিনটে নাগাদ Thachruর দিকে নামতে শুরু করলাম।মেঘের আড়ালে, পাহাড়ের ঢালে রয়ে গেল Bheem talai..অপরূপা Kunsa..আরো দূরে Bheem dwar !!!! অবশেষে চারটের দিকে,বিকেলের ম্লান আলোয়,ক্লান্ত দেহে Thachru র campএ পৌছলাম।

**Day 6**

বুদ্ধি সিং-কে না পেয়ে, তার ভাইয়ের তাবুতে রাত কাটিয়ে, সকালে রওনা হলাম Jaonর উদ্দেশ্যে।"যাত্রা"শেষ হয়ে গেছে।তাই যাত্রীর সংখ্যা নগন্য।কুয়াশা ঢাকা জনবিরল বনপথে একাই নেমে চলেছি।বিশাল বিশাল গাছ গুলো প্রকান্ড দৈত্যের মতো দাঁড়িয়ে আছে।মাথা গুলো দেখা যায় না।দৃশ্যমানতা 30-40 ফুটের বেশি নয়।প্রায় অর্ধেক পথ পেরিয়ে আসার পর সূর্যের দেখা পেলাম।পায়ের অবস্থা বেশ খারাপ।দুই কিমি অন্তর বিশ্রাম নিতে হচ্ছে।প্রায় সাড়ে বারোটায় Barathi Nalaর আশ্রমে পৌছলাম।বাবাজীর অনুরোধে খেতে বসে গেলাম।ভাত,ডাল আর ঝাল ঝাল আলুর ঝোল যেন অমৃত।একটু বিশ্রাম নিয়ে আবার পথচলা শুরু।

কুরপান নদীর জোলো বাতাস গায়ে মেখে, আড়াইটা নাগাদ Singhadএর আশ্রমে পৌঁছলাম।ভীষন ক্লান্ত।আমার অবস্থা দেখে, আশ্রম কর্মীরা চা,বিস্কুট হাতে দিয়ে গেল।এখানেও যাত্রীদের থাকা-খাওয়ার ব্যবস্থা আছে।এক কর্মী এক বাটি পায়েস হাতে ধরিয়ে দিল।এই পাহাড়ি মানুষ গুলির আতিথেয়তা দেখলে অবাক হতে হয়।এঁটো বাটি টাও হাত থেকে নিয়ে গেল। এদের সঙ্গে না মিশলে,আমার যাত্রা বৃথা হয়ে যেত।এদের মাঝেই, স্বয়ং শ্রীখন্ড মহাদেব খন্ড খন্ড হয়ে ছড়িয়ে আছে।

তিনটের সময় আবার হাঁটা শুরু করলাম।পথে এক আপেল ব্যবসায়ীর সঙ্গে আলাপ হলো।ওনার আপেল বাগান আছে।নিজের বাগানের আপেল খাওয়ালেন।অনেক গল্প হলো।অবশেষে, টিপটিপ বৃষ্টির মধ্যে বিকেল পাঁচটায় Jaon পৌছলাম।আমার শ্রীখন্ড মহাদেব কৈলাস যাত্রা সম্পূর্ণ হলো।

যাওয়ার সময়ে যে Lodgeএ ছিলাম, সেখানেই একটা ঘর নিলাম।কনকনে ঠান্ডা জলে স্নান করে, শুকনো পোশাক পরলাম।কাল সারাহান-এর পথে রওনা হবো।সব গুছিয়ে নিতে হবে।পরের পর্বে সারাহানের গল্প বলবো।কেমন !??

একটা ঘটনার কথা বলে লেখা শেষ করবো।আমার পাশের ঘরে এক প্রৌঢ় ভদ্রলোক ছিলেন।উনি শারীরিক কারণে শ্রীখন্ড যেতে পারেন নি।দলের বাকি সদস্যদের জন্য অপেক্ষা করছেন।তিনি যখন জানলেন আমি শ্রীখন্ড দর্শন করে ফিরলাম,উনি আমার পা ছুঁয়ে প্রণাম করতে চেয়েছিলেন।অতি কষ্টে তাঁকে নিরস্ত করেছিলাম।কিছু মানুষের মনে এই যাত্রা ও যাত্রীদের প্রতি কতটা শ্রদ্ধা ও ভক্তি বর্তমান,সেটা বোঝানোর জন্যই ঘটনাটির উল্লেখ করলাম।এই সন্মান আমি পদে পদে পেয়েছি।অবাক ও অভিভূত হয়েছি।

At Bank of America, we want you to be delighted and our goal is to keep you informed throughout your experience. If you have any questions, comments or concerns, please contact me or my manager, Chanelle Murphy, NMLS 633267. My manager can be reached at 408.505.3366 or chanelle.murphy@bofa.com

Throughout the process you may receive survey invitations to provide feedback about your experience. Your feedback is extremely important to us and provides insight into how we can continue to strive to improve our client experience. - Gopinath Pachaiappan NMLS ID : 633631






# The Journey to Happiness

*Ipsita Chatterjee*

Recently, I watched *The Princess and the Frog* with my younger cousin, and I cried. Yes, a 22 year old college graduate still cried at a Disney movie. The more pressing question is, why did I cry at a children's movie that I've seen a million times?

During the height of my last final exam week of my undergraduate career, I found myself thinking, *once these finals are over, I can finally relax*. I am sure that many of us have felt this way during a stressful time. The mantra of *if I just reach this goal, I will be happy* replays in your head. The anxiety of that stress worsens because you just want that moment of stress to end. However, when that stressful time finally does come to an end, you find yourself in another stressful situation, and the cycle of unhappiness continues.

This made me think, will I ever actually find happiness if I'm always looking for it in the future?

I grew up believing that there is a formula to be "happy." As children, we are told that we should go to school, get a degree, work, get married, have kids, and retire, and **only** then we will finally be happy. This idea of what happiness is has haunted me for many years. Will I ever truly be happy? How can I find it? I think I am not alone when I say that I am looking for the happiness that we see in the movies. The picture perfect moment where we finally get to live "happily ever after."

Our society has put this idea of happiness in our heads, that it is something to be reaching for. Nearly every children's movie is centered around a character that is unhappy, and they go through a journey to find happiness. For example, in *The Princess and the Frog,* the movie starts with Tiana working day and night to achieve her dream of starting her own restaurant. In the movie, she was so focused on starting her restaurant, she neglected self-care and nearly worked herself to death. By the end of the movie, she realizes that there is more to life and is happy with a prince and a restaurant. She **reaches** happiness as the final destination.

The end of the movie shows a sequence of her happily dancing around her successful restaurant that she can share with her man. What the movie doesn't show is what happens after the happily ever after moment?

As a work-a-holic myself, the beginning of Tiana's story is much too close to home. I constantly think that I'll be happier when something good happens, but I'm starting to think that there is never going to be a moment where you know you are finally happy. In reality, happiness is not a state, it is a feeling. There will never be a revolutionary moment where you have a magical realization that you will now live forever as happy.

A quote by Buddha really resonated with me, and it says, "Happiness will never come to those who fail to appreciate what they already have." If you constantly are looking for happiness, you will never find it because it is right in front of you. We, as a human race, are just a collection of experiences, and all these experiences make you who you are. If you spend all these experiences just waiting for a happier time, are you really making the most of the short time we have on earth?

I cried during *The Princess and the Frog* because I was scared that I would never find the happiness that Tiana found. However, what I have realized is that happiness isn't something to be found because it is right in front of me. Happiness is right in front of all of us. We as human beings can't wait for happiness to approach us, we should find happiness in every moment in life. We should find happiness in the current state that we are because life is not a math equation. Life is a rollercoaster filled with unpredictable twists and turns. I encourage you to strap on and enjoy the ride.



*"Our lives begin to end the day we become silent about things that matter."*

*~ Martin Luther King Jr.*

As your New York Life Agent, I can work with you to identify your goals, understand your needs, and offer insurance and financial products that can help you achieve peace of mind. At New York Life every decision we make, every action we take, has one overriding purpose: To be here when you, our policy owners need us.

I can help you ensure a sound financial future for you, your family, and your business by providing customized recommendations based on your individual situation and goals tailored to your needs, on a wide variety of protection and financial matters, including :

- **Life Insurance**
- **College Education Savings**
- **Guaranteed Lifetime Income*/ Retirement Planning**
- **Business Planning using Life Insurance- Key Employee Insurance, Buy-Sell Agreement, Executive Bonus**
- **Mortgage Protection using Life Insurance**
- **Estate Planning**
- **Health Insurance Group Health/Dental/Vision Insurance Plans****
- **Disability Income Protection****
- **Long Term Care Insurance**
- **Legacy Planning**



Together let's start preparing for your family's future.

**Krishnan ( Kris) Padmanabhan**
Agent (CA Insurance License Number 0K63465), New York Life Insurance Company 379, Thornall Street, 8th Floor
Edison, NJ 08837
(732) 754 4316, (732) 744 3812
kpadmanabhan@ft.newyorklife.com
www.krispadmanabhan.com

* All guarantees are based upon the claims-paying ability of the issuer.

** Products available through one or more carriers not affiliated with New York Life Insurance Company, dependent on carrier authorization and product availability in your state or locality.

NEW YORK LIFE

## Life behind bars

*Neetra Chakraborty (Age 12)*

It was a bright winter morn
With white clouds in a sky so blue
It was a day for some family fun
And so off we went to the local zoo.

"I can't wait", I told my mom
It's my first visit to the zoo,
In my mind I saw frisky cubs
And jumping, excited kangaroos.

I imagined the gorgeous beings
Happy in their home
Eating food when they want
With plenty of space to roam.

I envisioned the great lion
So majestic and tall and proud
The king of the wild forest
roaring out loud.

But when I got to its cage
On the gray ground it lay
With a faraway look in his eyes
Remembering its glorious days.

The chimps will be great fun I thought
Chattering, swinging around.
Eating bananas to their hearts content
And maybe sunbathing on the ground.

But in the gloomy monkey house
There was this lonely chimpanzee
Still as stone, it stared at us
His eyes hinting at his misery.

From the lonely helpless monkeys
To the creatures of the sea
I wondered what their lives were like
I wondered about their family.

I imagined being trapped in a cage
And knowing there's no escape
Every day, throngs of people
Stopping by me to point and gape.

Suddenly high up in the sky
A soaring eagle caught my eye
It rode the wind with its glorious wings
Oh! The joy that freedom brings.

When I look back to that day
Their sad eyes seem to follow me
They must be let out in the wild
It's where they're truly meant to be.




***Rajdeep Mukherjee** (Age 10)*



***Aryaman Majumder** (Age 8)*

# ভাড়াটে

*প্রনবেশ দাস*

*এটা আমার ফুলমেসোর নিজস্ব অভিজ্ঞতা।*
*আমি "স্রেফ আর্টের খাতিরে কিছুটা রং চড়িয়েছি"।*

॥ শূন্য ॥

গত কয়েক বছরের মতন এ বছরের দুর্গাপুজোটাও বৃষ্টির জন্য মাটি হল। কিন্তু এইবার মরশুমের এমন দাপট ছিল, মনে হচ্ছিলো যেন দেবী দুর্গা নৌকাতে শুধু আগমন বা প্রস্থানই নয়, গোটা পুজোটাই নৌকায় ভেসে-ভেসে কাটানোর ইচ্ছে নিয়ে এসেছেন। মাঝে মাঝেই খবর আসছিলো বর্ষার কারণে অমুখ জায়গায় প্যান্ডেলের খুব ক্ষতি হয়েছে, তমুখ জায়গায় গাছ ভেঙে পড়েছে, ইত্যাদি। এসবের মাঝে ষষ্ঠী থেকে নবমী ভালো করে ঠাকুরই দেখা হয়নি। দশমীর দিন বৃষ্টিটা একটু ধরে আসে, কিন্তু আকাশে তখনও ঘন কালো মেঘ। এই সুযোগেই সারা শহর যেন ঠাকুর দেখতে রাস্তায় নেমে এলো। আমরাও সকাল থেকে বিকেল অব্দি ঠাকুর দেখলাম। কিন্তু সন্ধে ছটার সময় যখন আবার আকাশ থেকে গুডুম গুডুম গম্ভীর শব্দ শুরু হল, আমরা ভাই বোনেরা গ্যারেজ হয়ে গেলাম আমাদের বড়মাসীর এন্টালির বাড়িতে। ঢুকেই মা-মাসির-মামীর নানান সুস্বাদু খাবারের গন্ধে সারাদিনের ক্লান্তি অনেকটা উবে গেলো। বাবা-মেসো-মামারা বসবার ঘরে খাবার টেবিলেই জোরদার রাজনৈতিক আড্ডার ঝড় তুলে ফেলেছে। পুজো শেষের মন খারাপের কথা এখন বিশেষ কারুর খেয়ালে এলনা। বাইরে এতক্ষনে আবার ঝমঝমিয়ে বাদলধারা আরম্ভ হয়েছে। তারপর এলো রাতের মহাভোজ - আলু পোস্ত, মুগের ডাল, ঝিরি ঝিরি আলুভাজা, ধোকার ডালনা, পাবদার ঝাল, ভাপা ইলিশ, চিংড়ির মালাইকারি, আনারসের চাটনি, পান্তুয়া আর মিষ্টি দই।

সাধারণতঃ মাসীমণির বাড়িতে কারেন্ট যায়না, কিন্তু আজ খাওয়ার কিছুক্ষন পরেই ধাঁই করে পুরো এলাকা অন্ধকার হয়ে গেলো। একেই বাইরের দুর্যোগ, তার উপর অমন ভুরিভোজ করে সবাই অলস হয়ে পড়েছে। অতএব ঠিক হলো কেউই আজ রাতে আর বাড়ি ফিরবেনা। ঢালাও বিছানা করা হলো। দুঘরের দুটো খাট আর মেঝে মিলিয়ে চোদ্দ জনের অনায়াসে ঘুমোনোর ব্যবস্থা হয়ে গেলো। দুই ঘরের মাঝের দরজাটা খুলে রাখা হলো আসা-যাওয়ার সুবিধের জন্য। কিন্তু ঘুমোনোর ব্যবস্থা হলে কি হবে, একসাথে এতজনের কি আর এতো সহজে ঘুম আসে? প্রায় সবাই জেগে থাকার দরুন অনেক পুরোনো কথা উঠে আসছিলো। এরকম শেষ কবে একসাথে থাকা হয়েছিল কেউ মনে করতে পারলনা। বাইরে বাঁধানো চাতালের ওপর বৃষ্টির শব্দ আর ভেতরে দুঘরে দুটো কেরোসিন ল্যাম্প। পরিবেশটা সবাইকে গল্পের মুডে নিয়ে গেল। দিদা, মাসি, মামা, মেসোদের পুরোনো নানান গল্প ধরে পিছিয়ে যেতে যেতে ফুলমেসো বললো তার চাকরি জীবনের প্রথম পোস্টিং-এর কথা।
এর পরের কথাগুলো ফুলমেসোর।

॥ ১ ॥

আজ থেকে প্রায় বত্রিশ বছর আগের কথা। তখন আমার বয়স চব্বিশ কি পঁচিশ হবে। ব্যাংকে প্রথম চাকরি। পোস্টিং দিলো গোয়ালিয়রের কাছে একটা গ্রামে। ফীল্ড অফিসারের চাকরি, তাই না গিয়ে উপায় নেই। জায়গাটার নাম মানগঞ্জ। আমি যখনকার কথা বলছি তখন ওসব অঞ্চলে ইলেক্ট্রিসিটি সবে পৌঁছেছে। যদিও দিনে দু থেকে তিন ঘন্টার বেশি কারেন্ট থাকেনা। জুলাই মাস, ভীষণ গরম। সমস্যা দেখা দিল ওখানে থাকা নিয়ে। একমাত্র ব্যাঙ্কের ম্যানেজারের রেলওয়ে কলোনির একটা কোয়ার্টারে থাকার ব্যবস্থা আছে। এছাড়া আর কারুর থাকার ব্যবস্থা ব্যাঙ্ক থেকে নেই। আর যে কজন কর্মচারী সেখানে আগে থেকে রয়েছে তারা ব্রাঞ্চের কাছেই একটা বাড়ি ভাড়া নিয়ে থাকে। তারাও তখন আমার মতোই অবিবাহিত। কিন্তু ওদের বাড়িতে আর জায়গা নেই। অগত্যা ম্যানেজারের কোয়ার্টারেই প্রথম এক হপ্তা কাটলো।

ওখানে থাকতে গিয়ে বুঝতে পারলাম যে ম্যানেজার রাজেন্দ্র পাণ্ডে লোকটা সুবিধের নয়। একটু অসৎ প্রকৃতির। ব্যাংকের বাইরে তার কেবল দুটো কাজ - নিয়মিত মদ্যপান করা আর অসদুপায়ে চটজলদি বড়োলোক হবার উপায় ভাঁজা। এমন লোক কবে যে কি কান্ড করে বসবে তা বলা যায়না। তখন যদি থানা পুলিশ হয়, আমারও রেহাই থাকবেনা। এসব ভেবেই নিজের জন্য একটা ভাড়া বাড়ি খোঁজার স্পীডটা আরও বাড়িয়ে দিলাম। কিন্তু সে তো আর কলকাতা শহর নয়, হাতে গোনা মোটে কয়েকটা পাকা বাড়ি। ওতে স্পিড বাড়িয়েও বিশেষ লাভ হলনা।

খোঁজাখুঁজির আরেক সপ্তাহের মধ্যে এক দুপুরবেলা ব্যাংকের পাশের চায়ের দোকানে শুনলাম একটা বাড়ির দোতলাটা ভাড়ায় পাওয়া যাবে। দেরি না করে সেদিন লাঞ্চের সময়ই সেটা দখল করার জন্য গিয়ে হাজির হলাম। দেখলাম বাড়িটা একটা ছোট্ট পাড়ার একদম শেষ প্রান্তে। ব্যাঙ্ক থেকে হেঁটে কুড়ি মিনিট। ভাড়ার ঘরগুলো দোতলায়। সিঁড়ি বাড়ির বাইরে। উঠেই ছাউনি দেওয়া সিঁড়ির ল্যান্ডিং আর তারপর ঘরে ঢোকার মেইন দরজা। তালা খুলে ঢুকে দেখলাম একটা বসবার ঘর, যার এক কোণে স্টোভে রেখে রান্না করা যেতে পারে। আলাদা রান্নাঘর নেই। অন্য কোনে একটা বাথরুম। বাঁ দিকে একটা শোবার ঘর। সিলিংটা একটু নিচু, তাই গরমটা হয়তো বেশি লাগবে। কিন্তু হাওয়া বাতাস ভালোই, তাই খুব অসুবিধে হবেনা। ব্যবস্থা মন্দ লাগলো না। প্রথম দেখায় চোখে পড়ার মতন অসুবিধে বলতে শুধু বসবার ঘরের একটা জানালা। সেটার পাল্লা ভাঙা তার উপর গরাদ নেই। ভাবলাম - কুছ পরোয়া নেহি, ওটা আমি নিজেই সরিয়ে নিতে পারব। সব দেখে ওখানেই থাকব বলে ঠিক করে নিলাম। খটকাটা লাগলো যখন আমার কমিয়ে বলা ভাড়ায় মালিক একবাক্যে রাজি হয়ে গেলেন। আমি জানি আমার বাকি সহকর্মীরা সবাই মিলে দুশো টাকা দিয়ে একটা দু-কামরার ঘর ভাড়া নিয়ে থাকে। সেই হিসেবে আমার এই নতুন বাসস্থানটির ভাড়া একশো টাকা হতেই পারে। আমি কমিয়ে পঁচাত্তর বলায়ে মালিক একটুও আপত্তি করলনা। অবাক হলেও, সেটা আমি আর প্রকাশ করলাম না। থাকার যে একটা ব্যবস্থা করতে পেরেছি, সেই আনন্দেই আমি ব্যাঙ্কে ফিরে এলাম।
সেইদিন সন্ধেবেলা নতুন বাড়িতে মালপত্র বয়ে নিয়ে এসে ক্লান্ত হয়ে ঘুমিয়ে পড়েছিলাম। পরেরদিন ছুটি তাই ঘুম ভাঙতেও দেরি হয়েছিল। সারা দুপুর স্টোভ, হাতা-খুন্তি, কড়াই-ডেকচি কিনতে কেটে গেলো। একটা স্টিলের ক্যাম্প-খাটও নিয়ে এলাম। আমার সাথে তখন আমার হোল্ডল ছিল। ওটাই খাটের ওপর পেতে গদি বানিয়ে নিলাম। সব সেরে সন্ধেবেলা যখন একটু হাঁটতে বেরোলাম তখন দেখলাম আমার বাড়ির পাশের একতলা বাড়িটা একটা দোকান। অবশ্য যেমন তেমন দোকান বললে ভুল হবে। সেটার দরজার ওপর কাঠের ফ্রেমে বাঁধানো সাদা রং করা টিনের ওপর নীল রং দিয়ে হিন্দি আর ইংরেজিতে লেখা "সরকারি লাইসেন্স প্রাপ্ত দিশি মদের দোকান, রেজিস্ট্রেশান নম্বর

ইত্যাদি ইত্যাদি"। দোকান খোলে সন্ধের পর তাই গতকাল ওই বোর্ড চোখে পড়েনি। হয়তো এই জন্যই মালিক এতো কম ভাড়ায় রাজি হয়ে গেছে। আশেপাশে একটা চোলাইয়ের ঠেক থাকলে কারুর ভাড়া থাকতে না চাওয়াটাই স্বাভাবিক।

একজন চশমা পরা বেঁটে মতন ভদ্রলোক দোকানটা খুলছেন দেখলাম। আমি সামনে দাঁড়িয়ে আছি দেখতে পেয়ে, দোকানের দরজা খুলতে খুলতেই হিন্দিতে বললেন, "আপনিই বুঝি নতুন এলেন এই বাড়িতে?" আমি হঠাৎ প্রশ্নে একটু চমকে গিয়ে আবার সামলে নিয়ে বললাম, "হ্যাঁ... এই কাল রাতেই এসেছি।"

কাজ না থামিয়ে উনি বলে চললেন "এই বাড়ির মালিক পশুপতিজি আমার চেনা। উনিই কাল সন্ধেবেলা বললেন আপনার কথা। যাই হোক, আমার নাম সুন্দরলাল, সুন্দরলাল ত্রিপাঠি। এটা আমারই দোকান।"

আমি ভদ্রতার খাতিরে একটা হাসি হেঁসে দিলাম। কয়েক সেকেন্ড কোনো কথা নেই। উনি দোকানের শাটার-পাল্লা খুলছেন, আমি ওনার কাজ দেখছি।

বাইরে বসবার বেঞ্চি পাততে পাততে উনি বললেন, "আমি জানি আপনি কি ভাবছেন।"

আমি এবার একটু হেঁসেই বললাম, "তাই? কি ভাবছি বলুন?"

"এই আপনার মতন একজন শহরের ভদ্রবাড়ির লোক, এরকম একটা দিশি মদের দোকানের পাশে থাকবে। কে জানে এখানে থাকা নিরাপদ কি না, কেউ মদ খেয়ে গন্ডগোল করবে কিনা, আপনার বাড়ির লোকে এখানে এলে কি বলবে এই সবই ভাবছেন নিশ্চই।"

সত্যি কথা বলতে বাড়ির লোকেদের কথাটা ছাড়া বাকি খেয়ালগুলো দোকানটা দেখার সাথে সাথেই আমার মাথায় এসেছিলো। কিন্তু এতো খোঁজাখুঁজির পর যা হোক একটা থাকার জায়গা পেয়েছি, সেটা ছাড়বার বিন্দুমাত্র ইচ্ছে আমার ছিলনা। আমি আবার ভদ্রতার খাতিরে বললাম, "না না, তেমন কিছুই না।"

সুন্দরলাল আমার বিনয়ী উত্তরে যেন কান না দিয়েই বললেন, "আমার দোকান আর খদ্দেরদের নিয়ে আপনি চিন্তা করবেন না। মদ বানানোর জায়গাটা পেছন দিকে, ওদিকটা পশ্চিম দিক। হাওয়া সাধারণতঃ পূর্ব দিক থেকে আসে - ওই পূর্বাইয়া বলে যেটাকে। সুতরাং আপনার ঘরে বিন্দুমাত্র গন্ধও যাবেনা। আর খদ্দের বলতে সন্ধেবেলা এখানে মুড়ি-মিছরি একদর। আপনার ব্যাঙ্কের ম্যানেজার আর চাপরাশি সবাই এখানে আসে। কোনদিন কেউ কোনো ঝামেলা করেনি।"

"সে তো বেশ ভালো কথা।" বলে আমি বাড়িমুখো যেই না হয়েছি অমনি পেছন থেকে লোকটা আবার ডাক দিলো।

"শুনুন।"

আমি ঘুরে তাকালাম। লোকটা এখন আর অন্য কোনো কাজ করছে না, সোজা আমার দিকে তাকিয়ে। সেই ভাবেই ও বললো, "বর্ষাকাল আসছে, সাবধানে থাকবেন। কিছু দরকার পড়লে বা কোনো সমস্যা হলে আমায় ডাকবেন। আমার এখানে রাত দুটো-তিনটে অব্দি লোক থাকে।" যেরকম ভাবলেশহীন ভাবে উনি কথাগুলো বললেন, কেমন যেন অদ্ভুত লাগলো। কথাগুলো উনি বললেন সোজা আমার চোখে চোখ রেখে। এবং ততক্ষন আমার দিকে তাকিয়ে রইলেন যতক্ষণ না আমি মাথা নেড়ে একটা স্পষ্ট "ঠিক আছে" বললাম। এরপর আমি সেখানে আর দাঁড়াইনি।

।। ২ ।।

প্রথম একমাস কোনো ঝামেলা হলনা। কাজ ফেলে রাখার অভ্যাস আমার নেই তাই বসবার ঘরের ভাঙা জানালাটা সারিয়ে নিয়েছিলাম। কিন্তু ওটা নিয়ে একটা অদ্ভুত ব্যাপার ঘটতে শুরু করেছিল। রাতে ওটা বন্ধ করেই ঘুমোতাম কিন্তু সকালে দেখতাম ওটা খোলা। প্রথম প্রথম মনে হয়েছিল চোর-বদমাশের কাজ। কিন্তু খেয়াল করলাম আমার কোনো জিনিসই গায়েব হয়নি। তবে তাই বলে এরকম অকারণে দুম-দারাক্কা জানালা খুলে যাবে, সেটাও মেনে নেওয়া যায়না। একদিন বিরক্ত হয়ে দুটো পাল্লার ওপর এক টুকরো কাঠ পেরেক দিয়ে ঠুকে পাকাপাকি ভাবে জানালাটা বন্ধ করে দিলাম। কিন্তু সেই রাতেই একটা কান্ড হলো।

রাত তখন বারোটা-সাড়ে বারোটা হবে। একটা মচমচ শব্দে ঘুমটা ভেঙে গেলো। শোওয়া অবস্থাতেই কান পেতে স্পষ্ট শুনলাম শব্দ আসছে বাইরের ঘর থেকে। কয়েক সেকেন্ড আরও শোনার পর বুঝলাম কেউ ওই জানালাটা খোলার চেষ্টা করছে। কিন্তু পেরেক দিয়ে লাগানো বলে পারছেনা। একটু সাহস করে বিছানা ছেড়ে উঠে গেলাম। আমার দুহাতে দুটি অস্ত্র - বাঁ হাতে পাঁচ সেলের টর্চ, ডান হাতে কাপড় ধোয়ার মুগুর। বাইরের ঘরে এসে দেখি জানালা ধাক্কানো বন্ধ হয়ে গেছে। কিছুক্ষন দাড়িয়ে অপেক্ষা করলাম। আবার যদি শব্দ শুনি, আলো জ্বালিয়ে জোরে 'চোর চোর' বলে ডাক দেব। ত্রিপাঠীজীর দোকানে লোকজন আছে। কিন্তু পাঁচ মিনিট দাঁড়িয়ে থেকেও যখন আর কোনো শব্দ হলনা, তখন আমি আবার ঘুমোতে চলে গেলাম।

পরদিন সকাল থেকেই বেশ জোরে বৃষ্টি শুরু হল। সারাদিনব্যাপি একটা স্যাঁতসেঁতে ভাব নিয়ে কাজে যাওয়া, কাজ করা, তারপর ফিরে আসা। যদিও যাবার সময় একটা চেয়ার দিয়ে বাইরের ঘরের জানালার দুটো পাল্লাই আটকে গেছিলাম, কিন্তু ফিরে এসে দেখলাম যে হওয়ার দাপটে জানালা খুলে সারা ঘর বৃষ্টির জলে ভিজে গেছে। গতরাতে ওই পেরেক দেওয়া কাঠটা হয়তো আলগা হয়ে গিয়েছিলো। কোনোভাবে আবার চেয়ার ঠেকিয়ে জানালা বন্ধ করে, আলু ডাল সেদ্ধ আর ভাত খেয়ে ঘুমিয়ে পড়লাম। কিন্তু সেই রাতে যা ঘটলো তা আগের রাতের ঘটনা থেকেও অদ্ভুত। বাইরে তখনও মুষলধারে বৃষ্টি হচ্ছে। একসময় আমার কানে এলো টিনের চেয়ারটা মেঝেতে ঘষে সরানোর আওয়াজ। কিন্তু এ আওয়াজ যেন বাইরে থেকে জানালাটা খোলার জন্য নয়। কেউ যেন ভেতর থেকে চেয়ারটা সরিয়ে জানালা খুলতে চাইছে। স্বাভাবিক ভাবেই ঘাবড়ে গেলাম। আমার বাড়িতে আমি ছাড়া আমার অজান্তে আর অন্য কেউও রয়েছে এই খেয়াল আসতেই ভয়ে বুকের ভেতরটা কেমন হঠাৎ খালি খালি লাগলো। চট করে বাইরের ঘরে যাওয়ার সাহস হলনা।

আরও কিছুক্ষন চলল শব্দটা। তারপর হঠাৎ দড়াম করে জানালা খুলে গেলো আর কানে এলো হু হু হাওয়ার সাথে মুষলধারা বৃষ্টির শব্দ। এইবার না উঠলেই নয়। আবার হাতে টর্চ আর মুগুর নিয়ে বেরিয়ে এলাম। কিন্তু ঘর খালি, বাথরুমও ফাঁকা। আজ ঝড়জলের জন্য নিচের দোকানও বন্ধ। ভালো করে এদিক ওদিক দেখে, প্রত্যেকটা দরজা জানালা আবার ভালো মতন আটকে বিছানায় চলে এলাম। শুয়ে শুয়ে ভাবলাম যে এ নিশ্চই হাওয়ার জন্যই হচ্ছে। বাড়ির মালিকের সাথে কথা বলে ওই জানালাটার একটা পাকাপাকি ব্যবস্থা করতে হবে। শুতে এসে ভেবেছিলাম এখন নিশ্চিন্তে ঘুমোবো, কিন্তু রাতের সব থেকে বড় চমকটা তখনও বাকি ছিল।

মিনিটখানেক পরেই আবার ঘুমটা ভেঙে গেলো। কিন্তু এবার জানালার কোনো শব্দে নয়। পায়ের শব্দে। কেউ আমার শোবার ঘরেই ভেজা খালি পায়ে আস্তে আস্তে হেঁটে বেড়াচ্ছে। যদিও এক পা ফেলার পর অন্য পা-টা ঘষে টানার মতো শব্দ হচ্ছে। সারা ঘর

অন্ধকার। কয়েক মুহূর্তের জন্য আমি নিশ্চল হয়ে রইলাম। একটু পরে সাহস ফিরে পেতেই টর্চটা হাতে নিয়ে জ্বালিয়ে দিয়ে জোরে "কে" বলে উঠলাম। উঠে বসে সারা ঘর টর্চের আলোয় পরীক্ষণ করলাম, এমনকি খাটের তলায়ও দেখলাম - কেউ নেই। আমার স্পষ্ট মনে আছে আমি ঘরে ঢুকে দরজার ছিটকিনি লাগিয়ে দিয়েছিলাম। এখনো দেখলাম সেটা একই ভাবে লাগানো। ঘরে কেউ ঢুকে থাকলে, সে সেটা আবার লাগিয়ে দিতে পারে ঠিকই, কিন্তু সে ঢুকবেই বা কি করে। তাহলে আমি ভুল শুনলাম? হতেই পারে। আরেকবার ঘরটা ভালো করে দেখে নিয়ে, দরজা জানালার ছিটকিনি ভালো করে লাগিয়ে শুয়ে পড়লাম। কিন্তু এবার কয়েক সেকেন্ডের মধ্যেই আবার শুনতে পেলাম সেই ভেজা খালি পায়ে ঘষে ঘষে হেঁটে বেড়ানোর শব্দ। এবার আমার বালিশের একদম কাছে। তারপর কানে পড়ল একটা মৃদু ঠান্ডা নিশ্বাস। আমার সারা গা ঠান্ডা হয়ে গেলো। হাত বাড়িয়ে টর্চ জ্বালানোর কথা তো দূর আমার নড়বার কথাও মাথায় এলোনা। স্পষ্ট শুনলাম দুবার নিশ্বাস পড়লো, তারপর প্রায় ফিশফিশ করেই এলো একটা কথা "বাবু"!

আমি স্থির। শ্বাস প্রশ্বাস বন্ধ। চোখ সম্পূর্ণ খোলা কিন্তু সামনে স্রেফ নিকষ অন্ধকার। সেই অন্ধকার থেকে আমার বাঁ কানে আবার ফিসফিস করে কথা এলো, "বাবু। কুছ দে না। ম্যা ভুখা হু। কুছ খানা দে না।" শুনে আমার রক্ত জমে গেলো। কপালে অল্প অল্প ঘাম। একই ভাবে নিশ্বাস আটকে শুয়ে রইলাম কিছুক্ষন। কয়েক মুহূর্ত পর আবার কথা এলো "বাবু, কুছ খানা দে না। ম্যা ভুখা হু। কল সে কুছ নহি খায়া।" গলার স্বর অত্যন্ত দুর্বল আর করুণ। কিন্তু আমি নড়লাম না। কতক্ষন কাটলো বুঝতে পারিনি। কিন্তু একটু পরে আবার পায়ের সেই ঘষটানোর শব্দ এলো। স্পষ্ট বুঝতে পারলাম শব্দটা এবার আমার থেকে সরে দরজার দিকে চলে যাচ্ছে। কয়েক পা যেতেই শব্দটা মিলিয়ে গেলো। এতক্ষন যেন বাইরের বৃষ্টির আওয়াজ কানেই ঢুকছিল না। সেটা এবার ফিরে এলো। আপনা থেকেই চোখ খুলে গেলো। কিন্তু ভুরু কুঁচকে রইলো। কোনো এক অজানা কারণে চারিদিকটা এখন একটু স্বাভাবিক ঠেকছে। যদিও অন্ধকার একই রয়েছে। একবার বুক ভোরে নিশ্বাস নিলাম। তারপর আবার। তারপর আবার। কখন ঘুমিয়ে পড়েছিলাম মনে নেই।

॥ ৩ ॥

পরের দিন ঘুম ভাঙলো দেরি করে। ঘুম থেকে উঠেই মনে পড়লো রাতের ঘটনাগুলো। কিন্তু দিনের আলোয় সেগুলো যেন একটা স্বপ্নই মনে হলো। আজও বৃষ্টি চলছে কিন্তু কাল রাতের চেয়ে হওয়ার দাপট কম। কোনো ভাবে ব্যাঙ্ক পৌঁছলাম। সেদিন বেশি লোক আসেনি। বিকেলে কাজ সেরে তাড়াতাড়ি বাড়ি ফিরে এলাম। রাতে খেয়ে দেয়ে যখন শুতে এলাম তখন নিচের দোকানে লোকজনের আওয়াজ পেলাম। ভাবলাম আজকে রাতে যদি কিছু গন্ডগোল হয়, তাহলে চেঁচিয়ে লোক জড়ো করা যাবে। খাটে শুয়ে আবার মনে পড়ে গেল সেই অদৃশ্য করুণ গলা। কি মনে হলো, খুব বেশি কিছু না ভেবে উঠে গিয়ে একটা ছোট্ট বাটিতে ভাত আর ডাল খোলা অবস্থাতেই বাইরের ঘরের মেঝেতে রেখে এলাম। আজকে রাতে আদৌ কিছু হবে কিনা জানিনা, কিন্তু ডাল ভাত রেখে এসে নিজেকে একটু কম বিচলিত মনে হল।

কখন ঘুমিয়ে পড়েছিলাম বুঝতে পারিনি। কিন্তু ঘুমটা ভেঙে গেলো বাইরের ঘরে আবার কারুর ঘষে ঘষে হেঁটে চলার শব্দে। এবার চোখ কচলে উঠে বসলাম। টর্চের আলোয় দেখলাম শোবার ঘরের দরজা জানালা সব ভেতর থেকে এখনও বন্ধ। খাট থেকে নেমে এলাম আর দরজা খুলে সোজা বেরিয়ে এলাম বাইরের ঘরে। সুইচ টিপে বাল্ব জ্বালাতে গিয়ে দেখলাম কারেন্ট নেই। কিন্তু টর্চের আলোতেই চোখে পড়লো আমার রেখে আসা সেই ভাত ডালের বাটিটা। দেখে চমকে উঠলাম যে ওটার ভেতরের ভাত কমে গেছে আর চারিধারে কিছু ডাল-মাখা হলুদ ভাত ছড়িয়ে রয়েছে। কেউ যেন খুব তাড়াহুড়োয় বাটির মধ্যে থেকে ভাত খেয়েছে। দ্রুত বেগে সারা ঘর টর্চের আলোয় নিরীক্ষণ করলাম। কারুর কোনো চিহ্ন নেই। জোরে দু একবার চেঁচিয়ে উঠলাম "কৌন হ্যা? কৌন হ্যা ইয়াহাঁ?" কিন্তু কোনো উত্তর পেলামনা।

চোর বদমাশের ভয় তো ছিলই কিন্তু আগের রাতের ঘটনার পর আমার অন্য কিছুও সন্দেহ হচ্ছিল। আজকে এই ভাতের বাতিটা দেখার পর আর কোনো সন্দেহ রইলো না। আমি ছাড়াও আমার এই ভাড়া বাড়িতে অন্য কেউ থাকে। কিন্তু তাকে দেখা যায়না। শুধু শোনা যায়। বন্ধ দরজা জানালা সে অনায়াসে পার হয়ে যায়। তার কোনো শরীর আছে বলে মনে হয়না। ভয়? হ্যাঁ লেগেছিলো। অজানা কে সবাই ভয় পায়। কিন্তু কেন যেন মনে হচ্ছিলো যে আমার বাড়িতে দ্বিতীয় যে জন আছে, সে আর যাই করুক, আমার ঘাড় মটকাবে না। সেটা করার হলে গত একমাসে করেই ফেলত।

একটা বড় নিশ্বাস নিয়ে টান হয়ে দাঁড়ালাম। ভয় আর কৌতূহল মেশানো একটা অদ্ভুত অনুভূতি হচ্ছিল। শোবার ঘরে এসে হাতঘড়িতে সময়টা দেখলাম। শোওয়া দুটো। ভয়ের চেয়ে বেশি হয়তো কৌতূহলের জন্যই ঘুম আর আসবেনা। বাড়ির এতো কম ভাড়া, আমার এখানে আসার দিন ওরকম ভাবলেশহীন একটা হালকা সতর্কবাণী। সব এখন বুঝতে পারলাম। বাড়ির মালিক, নিচের দোকানের সুন্দরলাল বাবু কিছু না কিছু নিশ্চই জানে।দোকান থেকে এখনও লোকজনের শব্দ আসছে। দরজা খুলে নিচে তাকালাম। আলোও জ্বলছে। দোকানের মালিক এখনো ঝাঁপি ফেলেননি। ওনার কাছেই যাওয়া স্থির করলাম। এখনই।

॥ ৪ ॥

রাতের ওমন সময় আমায় নিজের দোকানে ঢুকতে দেখে প্রথমে সত্যিই অবাক হলেও, দু সেকেন্ড পরেই একটা প্রায় চোখে না পড়ার মতন হাসি হেসে আমায় একটা বেঞ্চিতে বসতে বললেন। দোকানে খদ্দের বলতে এখন শুধু একজন। আর একজন কর্মচারী। সুন্দরলাল আমার পাশে এসে বসলেন। ওনার দুএকটা কথাতেই বুঝতে পারলাম উনি এক না একদিন আমার এখানে আসাটা অনেক আগেই আন্দাজ করেছিলেন। কারণটা জিজ্ঞেস করায় উনি আগে আমার দিকটা শুনতে চাইলেন। আমি প্রথম দিন দেখা জানালার ভাঙা পাল্লা থেকে শুরু করে আজকের ভাতের বাটি অব্দি সব বললাম। সব শুনে উনি প্রথম যেই কথাটা বললেন "আপনার ভয় পাওয়ার কোনো কারণ নেই।"

"কিন্তু ব্যাপারটা কি? আপনি তো অনেক কিছুই জানেন বলে মনে হচ্ছে।"

"বলছি।" এরপর শুনলাম দিনু ভিখিরির কথা। "বেশি না, বছর দুই আগের ব্যাপার। দিনু নামে একজন বৃদ্ধ ভিখিরি এই এলাকায় ভিক্ষে করতো। ওর নাম হয়তো অন্য কিছু ছিল, কিন্তু ওকে ওই নামেই এখানে লোকে ডাকতো। সামনের হরিচৌক সিগনাল থেকে শুরু করে এই অম্বেডকর গ্রাউণ্ড অব্দি সব বাড়ি-দোকান ওকে চিনতো আর ভিক্ষে-টিক্ষেও দিত। বেশ নিরীহ ভালোমানুষ ছিল। কখনো কারুর সাথে কোনো ঝামেলা হয়েছিল বলে মনে পড়েনা। আমি ওকে চিনতাম কারণ সে মাঝে মাঝে তোমার ওই ওপরতলার দরজার সামনে রাতে ঘুমোতো। বাড়ির মালিক দরজায় তালা লাগিয়ে রাখতো তাই ভেতরে ঢুকতে পারতনা।

"সেবছর একরাতে ভীষণ বৃষ্টি হয়। সে বেচারি চেয়েও হয়তো সেই রাতে সেখানে ঘুমোতে পারেনি। আমার দোকানও সেই রাতে বন্ধ ছিল। এতো ঝড়ের মধ্যে কেউ মদ খেতে আসেনা। ঠিক ঠিক কি হয়েছিল আমরা কেউই জানিনা। কিন্তু যতদূর আন্দাজ




# Are you feeling stressed about the College Admissions process?

## If you answered yes, UCEazy is here to help!

We realize that College Admissions can be challenging, especially for students whose parents were born outside the U.S.

UCEazy's College Admissions experts can simplify this process and reduce your stress. We offer programs for students in grades 8 through 12. We have guided thousands of students and have great reviews.

Start a monthly plan TODAY to lock in the lowest rates and help your student reach his/her dream school.

UCEazy

For a free consultation,
call **1-833-982-3299**
or email **info@uceazy.com**
**www.UCEazy.com**

করা যায় আপনার ওই দোতলার বসবার ঘরের জানালাটা সে সম্ভবতঃ খোলা দেখতে পায়। জোর হাওয়াতেই হয়তো সেটা কোনো একসময় খুলে গেছিলো। এমন দুর্যোগের রাতে হয়তো এক প্রকার মরিয়া হয়েই সে নিচতলার দেওয়াল-কার্নিশ বেয়ে উঠে ওই খোলা জানালার নাগাল পেয়ে যায় আর ঘরের ভেতর ঢুকে আসে। ঘরগুলো যে খুব উঁচু নয়, সেটা নিশ্চই খেয়াল করেছেন। আমরা যখন ওকে পাই..."

"আপনারা ওকে পান মানে?" শেষ কথাটা শুনে আমি জিজ্ঞেস করলাম।

কিছুক্ষন চুপ থেকে সুন্দরলাল আবার বলতে শুরু করলেন, "ওই ঝড় জল চলেছিল টানা দুটো দিন। অবিরাম। তৃতীয় দিনের দিন বৃষ্টিটা একটু কমে। সেদিন সন্ধেবেলা বাড়ির মালিক পশুপতি বাবু যখন এসে ঘরটা খোলেন, তখন দেখেন সামনে মেঝেতে পড়ে আছে দিনু ভিখিরি। মৃত। উনি আমায় ডাকেন আর আমরা পুলিশ-টুলিশ ডাকি। আগেরদিন মাঝরাত নাগাদ ওর মৃত্যু হয়ে বলে জানা যায়। জানালার অবস্থা আর ওর হাঁটু আর কুনুইতে টাটকা ছড়ে যাওয়ার দাগ দেখে আমরা বুঝতে পারি যে সে কিভাবে ভেতরে এসে থাকতে পারে। অত বয়স্ক লোক যে ঐভাবে ঘরে ঢুকেছে সে কথা বুঝতে পেরে আমরা সত্যি-ই অবাক হয়েছিলাম। কপালেও কালশিটের দাগ ছিল। ঘরে ঢোকার সময় সে পড়ে-টড়ে গিয়েছিলো কিনা বোঝা যায়নি। কিন্তু সে যে গত দু-আড়াই দিন কিচ্ছু খায়নি সেটা জানা গেলো। বৃষ্টির জন্যই হোক, বা অজ্ঞান হয়ে থাকার জন্যই হোক সে ওই ঝড় জলের দুদিন ওখান থেকে বেরোতে পারেনি। সেই জন্যই ওর পেটে কিছু জোটেনি। অমন বুড়ো বয়েসে জীর্ণ দেহে খিদের চোটেই হয়তো বেচারির প্রাণটা বেরিয়ে গেছিলো। দু-রাত অমন ঝড় বৃষ্টিতে জ্বর-টর হয়ে থাকলেও আশ্চর্য হতাম না।"

আমি শুনে চললাম।

"আপনার আগে আরেকজন ভাড়াটে ওই ঘরে এসেছিলেন। ওনার সাথেও ঠিক অমনটাই হয়েছিল - জানালার শব্দ, হেঁটে বেড়াবার শব্দ, কানের কাছে রাতে ভিক্ষে চাওয়া ইত্যাদি। কিন্তু উনি আপনার মতন ছিলেননা। ভাত-ডাল রাখা তো দূরের কথা, তার কোন চেনা এক বাবাজি-টাবাজির থেকে কবচ-তাবীজ-মাদুলি জোগাড় করে ঘর ভরিয়ে ফেললেন। কিন্তু তবুও নাকি দীনুর ভিক্ষে চাওয়া থামেনি। শেষমেষ উনি এখানে আসার দেড় মাসের মধ্যেই অন্য জায়গায় চলে গেলেন। বদনাম পড়ে যাওয়ায় এখানে তেমন কেউ অনেকদিন আসেনি। এর পরেই এলেন আপনি।" সুন্দরলাল ত্রিপাঠীর কথা শেষ করলেন।

সব শুনে-টুনে আমার এক রকম রাগ-ই হলো। বললাম, "এইসব আপনি আমায় আগে বলতে পারেননি? আর বাড়ির মালিকেরও এগুলো চেপে যাওয়া উচিত হয়নি।"

"জানি। আপনার এখানে আসার খবর আমি প্রথম দিনই পাই। আপনার ব্রাঞ্চ ম্যানেজার পান্ডে তো এখানেই মদ খেতে আসে। আপনি একজন সম্ভাব্য ভাড়াটে, এদিকে পশুপতিজির-ও বাড়ি খালি। সবই মিলে যাবার কথা। কিন্তু ওই গন্ডগোলের জন্যই আপনাকে কিছু জানায়নি। কিন্তু এক হপ্তার মধ্যেই জানতে পারলাম যে আপনি এদিক ওদিক ভাড়া বাড়ির খোঁজ নিচ্ছেন আর পান্ডের কোয়ার্টার থেকে বেরোতে পারলে বিশেষ খুশি হবেন, তখনই আপনার কাছে খবর পাঠাই।"

আমি কিছুক্ষন চুপ করে রইলাম। তারপর বললাম, "সবই বুঝলাম। কিন্তু এবার? একজন অশরীরীর সঙ্গে তো আর এক বাড়িতে থাকা যায়না।"

সুন্দরলালও কিছুক্ষন চুপচাপ বসে রইলেন। তারপর বললেন, "আপনি হয়তো প্রথম, যে ওকে গত দু বছরে কিছু খেতে দিয়েছে। আমার মনে হয়না সে আপনার কোনো ক্ষতি করবে।"

"সে সব ঠিক আছে, কিন্তু আমি আর ওখানে থাকতে পারবনা। একলা ঘরে একজন অদৃশ্য কারুর অস্তিত্ব ভীষণ অস্বস্তিকর আর সত্যি বলতে... বেশ ভয়াবহ।"

"ঠিক আছে। আপনি মালিককে ব্যাপারটা জানান। আর দেখুন আপনি যদি নতুন একটা ব্যাবস্থা করে উঠতে পারেন।"

আমি সম্মতি সহকারে মাথা নাড়লাম। তারপর উঠে পড়লাম।

দোকান থেকে বেরোনোর সময় সুন্দরলাল বাবু বললেন, "আমার মনে হয়, আপনি ওখানে থাকলেও থেকে যেতে পারেন। দিনু আপনার কোনো ক্ষতি করবেনা।"

কেন জানিনা চেয়েও আমি সুন্দরলালেল শেষ কথাটার প্রতিবাদে বলার মতন কিছু পেলাম না। চুপচাপ ঘরে ফিরে এলাম। বাইরে এখনও একই রকম ঘুটঘুটে অন্ধকার। পরিবর্তন দেখলাম শুধু একটা জিনিসে। নিচে যাবার আগে মেঝেতে রাখা ওই বাটিতে বেশ খানিকটা ভাত ছিল। এখন সেটা একেবারেই খালি।

॥ ৫ ॥

আরও দিন দশেক খোঁজা খুঁজির পর আশ্চর্য সৌভাগ্যবলে আমি আরেকটা ভাড়া বাড়ি পেলাম। এখানকার এক বয়স্ক পয়সাওয়ালা মুদির দোকানের মালিক শেষ বয়সটা শহরে নিজের ছেলে-বৌয়ের সাথে কাটাবেন বলে চলে যাচ্ছেন। ওনার বাড়িটাই খালি পড়ে থাকবে বলে উনি ওটা ভাড়ায় দিতে চান। মাসে দুশো টাকা। একা থাকার পক্ষে ভাড়া অনেকটাই বেশি। কিন্তু যেদিন সকালে এই খবর পেলাম সেদিন দুপুরেই আরেকটা খবর এলো যে ওখানকার আরেকটা কোন সরকারি আপিসে নতুন একজন ট্রান্সফার হয়ে এসেছে। ভদ্রলোক উড়িষ্যার। সেও ভাড়াবাড়ি খুঁজছে। আমাদের সহদেব পিয়নের থেকে তার খোঁজ পেয়ে যোগাযোগ করি। তারপর দুজন মিলে বাড়ির মালিকের সাথে দেখা করি আর উনি আমাদের ভাড়া দিতে রাজি হয়ে যান। বেশ বড় বড় দুটি শোবার ঘর। আলাদা বসবার আর রান্নাঘর সহ। আধাআধি ভাড়া ভাগ করে নিলে অনায়াসে থাকা যায়।

বেশ বড় রকমের একটি ঝামেলা থাকা সত্ত্বেও আমার পুরোনো থাকার জায়গাটার ওপর যে একটা টান জন্মে গেছিলো সেটা বুঝতে পারলাম জিনিস গুটিয়ে ঘর খালি করার সময়। গত দশ দিনে যেকদিন বৃষ্টি হয়েছে আমি সেরকম প্রত্যেকদিনই বাটি করে একমুঠো ভাত আর ডাল মেঝেতে রেখে ঘুমোতে যেতাম। আর সকালে দেখতাম যথারীতি বাটি খালি। যাবার দিন সুন্দরলালজির সঙ্গে দেখা করতে গেলাম। গত দু সপ্তাহ ধরে দিনু ভিখিরির ভাত খাওয়ার কথাও বললাম। উনি হেঁসে বললেন, "দিনু ভিখিরির ওপর আপনি যা দয়া দেখিয়েছেন, আপনার সত্যিই মঙ্গল হবে।"

"তা এক ভাবে হয়েইছে। নতুন ভাড়া বাড়ি এতো তাড়াতাড়ি পাবো ভাবিনি।"

"হ্যাঁ, সত্যিই আপনার লাক ভালো। এমনিতে নারায়ণ মুদি শক্তপোক্ত লোক। ছেলে তো গত দশ-বারো বছর ধরেই বাইরে। এতো দিনেও উনি এই জায়গা ছেড়ে যাননি। বিপত্নীক হওয়া সত্ত্বেও একাই থাকতেন। কিন্তু শুনলাম ইদানিং নাকি ওনার নার্ভ আর দিচ্ছিলো না। হাত থেকে জিনিস পড়ে যাচ্ছিলো, অল্পেতেই ঘাবড়ে যাচ্ছিলেন, রাতে মাঝে মাঝেই উঠে পড়তেন আর বলতেন নাকি দুঃস্বপ্ন দেখেছেন ইত্যাদি। ওই বয়স হলে যা হয়। ছেলেও অনেক দিন ধরে বলছে চলে আসতে। সেই ফাইনালি উনি রাজি হলেন।"

শুনে আমি কিছুক্ষন চুপ করে রইলাম। আমি কিছু বলছিনা দেখে সুন্দরলালজি আমায় বললেন, "কি ভাবছেন বলুন তো?"

আমি আরো কিছুক্ষন চুপ থেকে বললাম, "কিছুই না। একটা ইয়ে, মানে... "
সুন্দরলাল একটু হেঁসে জিজ্ঞেস করলেন, "কী?"
আমি নিঃস্বাস ছেড়ে বললাম, "নাঃ... কিচ্ছুনা।"
"বেশ। ভালো থাকবেন। আবার দেখা হবে।"
"আপনিও ভালো থাকবেন।"

।। ছয় ।।

এই অব্দি বলে ফুলমেসো থামলো। কিছুক্ষন সবাই চুপ।
পেছন থেকে রিন্টি বলে উঠলো, "সেকি? এখানেই শেষ? দিনু ভিখিরি-র তারপর কি হলো?"
মেসো বললো, "বলা মুশকিল। তবে নতুন বাড়িতে গিয়েও আমি মাঝে মাঝে ভাত-ডাল বাইরে রেখে ঘুমোতে যেতাম। বেশিরভাগ দিন সকালে ওগুলো যেমন কে তেমনই পেতাম, কিন্তু কয়েকদিন ওগুলো খালিও হয়ে যেত।আমি প্রায়ই এক বাটি করে খাবার বাইরে রাখি দেখে আমার সহ-ভাড়াটে অবাক হয়েছিল। আমি বলেছিলাম ওটা বেড়ালের জন্য। সে বিশ্বাস করেছিল। যদিও ও এটা কোনোদিন লক্ষ্য করেনি যে আমার কাল্পনিক বেড়াল সবসময় বৃষ্টির রাতেই আসে আর শুধু ছোট বাটির ভাতটাই খেয়ে যায়। তার পাশে রাখা ঢাকনা দেওয়া বড় ডেকচির ভাতে কোনো লোভ দেখায় না।"
"ও " রিন্টির গলায় একটা হালকা নিরাশার সুর। সে ভেবেছিল বেশ ভীষণ রকমের একটা টান টান ভৌতিক গপ্পো হবে। কিন্তু তা আর হলনা। সবার চোখ এখন সত্যিই ভারী হয়ে এসেছে। পুরোনো চাবি দেওয়া পেন্ডুলাম ঘড়িতে রাত দুটো বাজলো। বাইরে এখনো বৃষ্টি চলছে।

পরেরদিন ঘুম থেকে উঠে যখন আঙুলে টুথপেস্ট নিয়ে বাথরুমের দিকে যাচ্ছি, তখন দেখলাম মাসীমণি বড়মামীকে কি যেন বলছে। একটু শুনেই বুঝতে পারলাম যে কাল রাতে মাসীমণি মুগডালের বাটিটা ফ্রিজে রাখেনি।আধবাটি ডাল সারারাত বাইরেই ছিল। কিন্তু সকালে উঠে মাসীমণি দেখে যে সে বাটি একেবারে খালি। এসব শুনে আমার মাথায় কি যেন একটা খেয়াল যেই না উঁকি দিতে যাবে, অমনি দেখি ফুলমেশো বাথরুম থেকে হাসিমুখে বেরিয়ে আসছে। রান্নাঘরের কথাবার্তা মেশোর কানে আসায় মেশো একবার সেদিকে তাকিয়ে নিজের অজান্তেই নিজের হাসিটা আরও চওড়া করে নিলো। তারপর আমার দিকে বেশ একটা তাৎপর্যপূর্ণ দৃষ্টি দিয়ে শুধু বললো, "শুভ বিজয়া"।



My Best Friend (*Aishani Sil*)



**Nayanika Das Roy** (*Age 8*)

## California Dreams

*Bitan Biswas*



*Yosemite FireFall*



*Golden Gate Bridge*

## প্রণাম

*অমিতাভ বসু*

পড়ে-পাওয়া জীবনটাকে চলতি-পথের বাঁকে বাঁকে, কবে থেকে অকস্মাতের হাল্কা হাওয়ায় বইয়ে দিলাম।
এখন শুধু বাকীটা পথ তরী বাওয়া আপনমনেই, নাহয় তাকে মুঠো মুঠো স্মৃতির ধনেই ভরিয়ে নিলাম।
সারা জীবন বুকের মাঝে জমা-করা পুঁজি যত, কখন যেন আনমনেতে পথের মাঝে খুইয়ে এলাম।
এতকালের চাওয়া-পাওয়ার হিসেব-নিকেশ লাভ-ক্ষতি সব, মনে-মনেই মেনে নিয়ে সইয়ে নিলাম।
সেই কবেকার পুরনো সব শিক্ষা-দীক্ষা স্কুল-কলেজের, সারা জীবন ধরেই শুধু ভাঙিয়ে খেলাম;
ঝুলি-ভরে কুড়িয়ে-তোলা সাবেক-কালের ধ্যান-ধারণা, আগুন জ্বেলে নিঃশেষে সব জ্বালিয়ে দিলাম।
চলার-পথের বাধা যত, অনেক বদ-অভ্যাসের মত, পারি যত আপন হাতেই সাধ্যমত সরিয়ে দিলাম;
পুরনো সব হারানো ধন, ঝরা পাতার মতন কখন, দখিণ হাওয়ায় পথে পথে বেহিসেবে ঝরিয়ে দিলাম।
বুদ্ধিশুদ্ধি পুরোপুরি যাবার আগে, ক্ষুদকুঁড়ো যা আছে ভাগে, মাথার মধ্যে একটু কেবল শানিয়ে নিলাম;
কানে-শোনা উপদেশের সাথে সাথে, চোখে-দেখার অভিজ্ঞতাও হাতেনাতে, আপনমনেই মানিয়ে নিলাম।
পুব-পশ্চিম মিলায় যেথায়, তীরে তারি জোয়ারবেলায়, পেয়েছি যা খেয়াল-মাফিক কুড়িয়ে নিলাম;
রইল পড়ে ভাঁটার বেলায়, চাই নি যাদের অবহেলায়, বেনোজলেই তাদের নাহয় বইয়ে দিলাম।
অজানিতে কাজের ফাঁকে, অচিন পথের বাঁকে বাঁকে, নতুন দোসর পায়ে পায়ে মিলিয়ে পেলাম;
মুছে-আসা গোধূলিতেই, কনে-দেখা আলোতে সেই হঠাৎ-পাওয়া আবীর রঙে রাঙিয়ে নিলাম।
ফেলে-আসা প্রিয়-স্মৃতি, ফিরে-দেখা সজল দিঠি, বিদায়বেলায় মনের মাঝে কেমন করে হারিয়ে পেলাম;
কথা দিয়ে মালা গেঁথে, নতুন লেখা গানটি বেঁধে, ছন্দ-মিলে জীবন-খাতার পাতাগুলো ভরিয়ে দিলাম।
প্রাণের মাঝে আপন মনে, সহজ সুরে গুনগুনিয়ে, জানিনে তো কখন যে এই সৃষ্টিছাড়া গাইয়ে হলাম;
পারের বাঁশি উঠলো বেজে, শেষ-পারানির ডাক এলো যে, যাবার আগে নিজের হাতে সাঁঝবাতিটা নিভিয়ে গেলাম।।



***Ahona Das*** *(Age 14)*

***Agomoni** sincerely thanks*

## *Donors and Sponsors*

***For their generous contributions!***

*Gowomania*

*Sudha's Collection*

*Kris Padmanabhan*

*Nika's Collection*

*Nature Mills*

*Kaveri Prasad*

*Razel Dazel*

*The Royal Fashions*

*Exotica By Jay*

*Mytaxfiler*

*Radiance Beauty Studios*

*Chowrangee*

*Fortune Financial Security Group*

*Dublin Chaat Cafe*

*Bananna Garden*

*Samrat Curry Hut*

*Garlex*

*Biryani Bowl*

*Satya Dasari*

*PNG Jewellers*

*Gopinath Pachaiappan*

*Sonal Basu*

*Narasimha & Geetha Gondi*

*Admission Planner*

*DBD Costume Rentals*

*Saumitra & Manasi Chattapadhyay*

*Anirudhya Dasgupta*

*Madras Groceries & Bengal Tiger Food*

*UCEazy*

*Kamal Spices*

*Print Papa*

*Trinamix*

*Business Links*

*Groupware*

*Mathnasium*

*Nirmalya & Sumita Modak*

*OTSI-USA*

*Saigan Technologies*

*Suman Bhattacharya*

*Hari Iyer*

*Ranjit Chakravorti*

*And many more …!*

আগমনীর তরফ থেকে সবাইকে জানাই শারদ শুভেচ্ছা !



Bengal Tiger Food
MADRAS GROCERIES
Indian Super Market
OPENING SOON
Our New Store Merging with Bengal Tiger Food
Newark/Fremont area
5438 Central Ave, Newark, CA
TEL: 510.894.1431
1187, W.El Camino Real
Sunnyvale, California
TEL: 408.746.0808
Open All Days
Mon - Sun: 9 AM - 10 PM
Fresh Roti Naan, Chaat, Fresh Juice and more...
For To-Go Orders, Call
408.245.2323
Madras
Food Court
Ph: 408.737.2323
Oh,it's So Delicious!
Madras Café
South Indian Veg. Restaurant
Breakfast at 8.30am
Business Hours:
Tue - Fri : 8:30a.m - 2:30p.m & 5:30p.m - 10:00p.m.
Sat-Sun: 8.30a.m - 10.00p.m. Monday Holiday
1177, W.El Camino Real, Sunnyvale, CA 94087
www.madrascafe.us
At the Intersection of El Camino & Bernardo
"tastier than ever"
Stop by once
You Can't Stop you

## ***Meet our dedicated team for making Agomoni Durga Pujo a Grand Success!***

***President:*** *Suman Pain*
***Secretary:*** *Anindita Mitra*
***Treasurer:*** *Bijoy Sarkar*
***Board Members at Large:*** *Mausumi Biswas, Shan Choudhury, Sanjay Bhattacharya*

### *Puja*

*Anindita Chakraborty*
*Anita Banerjee*
*Baisakhi Bhattacharya*
*Bipasa Laha*
*Gopa Banerjee*
*Jaya Mitra*
*Manasi Bhattacharya*
*Saswati Dutta*
*Sauravi Mazumdar*
*Sanjay Bhattacharya*
*Bhudeb Mukhopadhay*
*Shankar Roy (lead)*

### *Decoration*

*Arup Dutta*
*Rajib Bhakat*
*Saumitra Chattopadhyay*
*Sangita Biswas*
*Manoj Chavan*
*Sankar Chanda*
*Suman Pain*
*Arindam Mukherjee (lead)*

### *Fund Raising*

*Sudipto Saha*
*Sourav Saha*
*Sushanta Chakraborty*
*Partha Mitra*
*Suman Pain*
*Shan Chowdhury*
*Tania Bhattacharya*
*Sankar Chanda*
*Anindita Mitra*
*Manas Goswami*
*Sanjay Bhattacharjee*
*Bijoy Sarkar*
*Debasish Chakraborty (lead)*

### *Facilities & Logistics*

*Ambarish Bagchi*
*Anirban Mitra*
*Anirban Sain*
*Bijoy Sarkar*
*Debasish Chakraborty*
*Mausumi Biswas*
*Pathikrit Dutta*
*Prabal Saha*
*Rajib Bhakat*
*Sankar Chanda*
*Saumitra Chattopadhyay*
*Saurav Bhattacharia*
*Saurav Lahiri*
*Shantanu (Shan) Choudhuri*
*Sobhan Das*
*Sudip Ghosh.*
*Suman Pain.*
*Ujjal Banerjee*
*Upal Mandal*
*Partha Mitra (lead)*

### *PR & Media*

*Arindam Mukherjee*
*Manas Goswami*
*Satarupa Chakravarty*
*Sohini Chaudhuri*
*Anindita Mitra*
*Tania Bhattacharya (lead)*

### *Membership*

*Ananya Saha*
*Jaya Mitra*
*Manasi Bhattacharya*
*Shouvik Ray*
*Sreetapa Biswas*
*Sudipta Chakraborty*
*Tania Bhattacharya*
*Bijoy Sarkar*
*Anindita Mitra (lead)*

### *Food*

*Pathikrit Dutta*
*Sudipto Saha*
*Debasish Chakraborty*
*Arindam Chakraborty*
*Shankar Roy*
*Anirban Sain*
*Shan Choudhury*
*Partha Mitra*
*Saurav Lahiri*
*Shouvik Roy*
*Isha Adhikari*
*Suman Pain*
*Subrat Adhikari (lead)*

### *Philanthropy*

*Arup Dutta*
*Manas Goswami*
*Mausumi Biswas*
*Kaberi Goswami*
*Bitan Biswas*
*Sayantika Banerjee*
*Mishtuni Ghosh*
*Sourav Saha*
*Pragya Dasgupta*
*Suman Pain*
*Subhasis Banerjee (lead)*

### *Cultural*

*Aparna Mukherjee*
*Arabinda Chakrabarti*
*Arunava Majumdar*
*Baisakhi Bhattacharjee*
*Bipasa Laha*
*Pragya Dasgupta*
*Satarupa Chakravarty*
*Saurav Majumder*
*Sreya Chaterji*
*Shubhra Chakraborty*
*Bijoy Sarkar*
*Shouvik Ray (lead)*




# Ramp Up Your Math Skills For Success!

### *HOMEWORK HELP FOR ALL LEVELS*

**GRADES 1-12 • PRE-ALGEBRA • ALGEBRA 1 & 2 • GEOMETRY**
**PRE-CALCULUS & CALCULUS • SAT/ACT PREP**

# 1 WEEK FREE

## TUTORING & HOMEWORK HELP

Must present coupon. New students only.

*Flat Monthly Fee.*

*Drop-in any time during regular hours, whenever it's convenient.*

MATHNASIUM®

The Math Learning Center

**We Make Math Make Sense**

**2240 Camino Ramon, Ste. 120**
(Between Crow Canyon Rd. & Norris Canyon Rd.)
**San Ramon**
**(925) 806-0600**


**3435 Mt. Diablo Blvd.**
(At Golden Gate Way)
**Lafayette**
**(925) 283-4200**

**915 Main Street, Ste. D**
(At Del Valle Parkway)
**Pleasanton**
**(925) 462-8411**

**www.mathnasium.com**

# *With Best Compliments From*

we answer the call
GROUPWARE
TECHNOLOGY




**Infrastructure**

Achieve maximum efficiency, competitive advantages and optimal business outcomes

**Applications**

Enterprise solutions that enable the integrated and highly productive digital workplace

**Cloud**

Expand IT capabilities without compromise

**Collaboration**

Solutions to empower your business

**Security**

Protect your organization's valuable assets from today's threats

**Data**

Leverage data to identify new opportunities, reduce costs and make better decisions

Visit us at: https://www.groupwaretech.com/